১৮ ঋতু-উৎসব ॥ ১৩৩৩। শেষবর্ষণ শারদোৎসব বসন্ত সুন্দর ও ফাল্গুনী এই পাঁচখানি গীতগ্রন্থ বা গীতপ্রধান গ্রন্থের সংকলন।

১৯ বনবাণী ॥ আশ্বিন ১৩৩৮। ইহার 'নটরাজ-ঋতুরঙ্গশালা' ও পরবর্তী অংশে বহু গান আছে।

২০ গীতবিতান ॥ প্রথম সংস্করণ। প্রথম-দ্বিতীয় খণ্ড : আশ্বিন ১৩৩৮
তৃতীয় খণ্ড : শ্রাবণ ১৩৩৯

২১ গীতবিতান ॥ দ্বিতীয় সংস্করণ। প্রথম-দ্বিতীয় খণ্ড : মাঘ ১৩৪৮
১৩৪৬ ভাদ্রে মুদ্রণ শেষ হইয়াছিল।

অন্যান্য বিশিষ্ট আকর গ্রন্থ

১ জাতীয় সঙ্গীত ॥ প্রথম ভাগ। দ্বিতীয় সংস্করণ। সেপ্টেম্বর ১৮৭৮

২ ভারতীয় সঙ্গীত মুক্তাবলী ॥ সংক্ষেপে 'সঙ্গীতমুক্তাবলী'। নবকান্ত চট্টোপাধ্যায় -সংকলিত। প্রথম ভাগ। তৃতীয় সংস্করণ। ১৩০০

৩ ব্রহ্মসঙ্গীত ও সঙ্কীর্ত্তন ॥ প্রসন্নকুমার সেন -সংকলিত ?[৫]

৪ ব্রহ্মসঙ্গীত ॥ সাধারণ ব্রাহ্মসমাজ। বিশেষভাবে সতীশচন্দ্র চক্রবর্তী -কর্তৃক সংশোধিত ও সম্পাদিত একাদশ সংস্করণ (মাঘ ১৩৩৮) দেখা হইয়াছে। 'ব্রহ্মসঙ্গীত' উল্লেখ-মাত্রে সর্বত্র উক্ত গ্রন্থই বুঝিতে হইবে।

৫ ব্রহ্মসঙ্গীত ও সঙ্কীর্ত্তন ॥ নববিধান। দ্বাদশ সংস্করণ। ১৯৩৩

৬ বাঙ্গালীর গান ॥ বঙ্গবাসী। দুর্গাদাস লাহিড়ী -সংকলিত। ১৩১২ এই গ্রন্থে তথ্যের ও মুদ্রণের প্রমাদ অত্যন্ত বেশি।

৩ 'গান'এর এই দ্বিতীয় সংস্করণ বড়োই রহস্যময়। ইহার বিভিন্ন প্রতি মিলাইতে গিয়া দেখা গেল— সূচীপত্রসহ সমগ্র গ্রন্থের মুদ্রণ সারা হইলে, বহু গান বর্জনের ও সেই স্থলে নূতন গান সন্নিবেশের প্রয়োজন হয় এবং এজন্য স্পষ্টতঃই অনেকগুলি পাতা নূতন ছাপা হয়; সমস্ত সূচীপত্র পুনর্বার ছাপা সত্ত্বেও বহু বর্জিত গানের উল্লেখ থাকিয়াই যায়, সেগুলি অধিকাংশই ছিল অন্যের রচনা। পরবর্তী 'বর্জিত গান'এর তালিকায় চিহ্ন দিয়া বুঝানো হইয়াছে যে, ৭ চিহ্নিত রচনা অপরিবর্তিত 'গান' (১৯০৯) গ্রন্থে থাকিলেও, পরিবর্তিত ও বহুপ্রচারিত কপিগুলিতে নাই— উহার 'সংশোধিত' সূচীপত্রে থাক্ বা না'ই থাক্।

এই গ্রন্থের পরবর্তী সংস্করণসমূহে এক অংশ 'ধর্ম্মসঙ্গীত' এবং অবশিষ্ট অংশ 'গান' নামে পৃথকভাবে প্রকাশিত। সুতরাং 'গান' এই নামের পরবর্তী গ্রন্থ প্রথম ও দ্বিতীয় সংস্করণের অখণ্ড 'গান' হইতে বহুশঃ ভিন্ন।

৪ জ্যোতিরিন্দ্রনাথের 'বিমল প্রভাতে' ইত্যাদি গানটিও আছে।

৫ স্খলিত-আখ্যাপত্র এই নামের একখানি গ্রন্থ দেখা হইয়াছে। ইহাকে আভ্যন্তরিক প্রমাণে, প্রসন্নকুমার-সংকলিত এবং নববিধান-প্রকাশিত গ্রন্থের কোনো-এক সংস্করণ মনে হয়; দ্বাদশ-সংস্করণের পূর্ববর্তী।

বর্তমান গ্রন্থে বর্জিত গান

গানের সূচনা। যে গ্রন্থে রবীন্দ্রগীত-রূপে প্রচার	[1] প্রথমসংস্করণ গীত-বিতানের (খ) পরিশিষ্টে	রচয়িতা। তৎ-সম্পর্কিত প্রমাণ
অন্তরের ধন প্রাণরঞ্জন স্বামী ॥ ১ ব্রহ্মসঙ্গীত। নাম নাই [3]স্বরবিতান ৮ (১৩৫৬)। শুদ্ধিপত্র দ্রষ্টব্য	নাই	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর [2]বীণাবাদিনী ১২।১৩০৪।২৪৩ সঙ্গীতপ্রকাশিকা ৪।১৩১৫।২২১
আজ তোমায় ধরব চাঁদ ॥ ২ প্রকৃতির প্রতিশোধ	নাই	অ [অক্ষয়চন্দ্র চৌধুরী] স্বরলিপি-গীতিমালা
আজি এ সন্তান দুটি ॥ ৩ ব্রহ্মসঙ্গীত	নাই	'শুভদিনে এসেছে দোঁহে' গানেরই পাঠান্তর
আজি কী হরষসমীর বহে ॥ ৪ শনিবারের চিঠি ১০।১৩৪৬।৫৯১	নাই	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ৬ ব্রহ্মসঙ্গীত
+আমি সকলি দিনু ॥ ৫ কাব্যগ্রন্থ (১৩১০)। গান (১৯০৯)	*চিহ্নিত	ইন্দিরা দেবী[4] শতগান। ব্রহ্মসঙ্গীত
আর গো কত ঘুরি ॥ ৬ দ্বিতীয়সংস্করণ গীতবিতান	নাই	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর [5]ব্রহ্মসঙ্গীত স্বরলিপি ৩

[1] উক্ত গ্রন্থে 'বাদ-দেওয়া গানের তালিকা' বা পরিশিষ্ট (খ), পৃ ৮৫৯-৬৪, দ্রষ্টব্য। যে গানগুলি রবীন্দ্রনাথের রচিত নয় বলিয়া অনুমান করা হইয়াছিল ওই তালিকায় সেগুলি তারা-চিহ্নিত হইয়াছে।

[2] সাময়িক পত্রের উল্লেখের আনুষঙ্গিক সংখ্যাগুলি যথাক্রমে মাস বৎসর ও পৃষ্ঠাঙ্ক -সূচক। 'তত্ত্ববোধিনী পত্রিকা'র বৎসর-গণনা শকাব্দে।

[3] গ্রন্থোত্তর সংখ্যা খণ্ড-বাচক।

[4] রচনা নিজের বলিয়া স্বীকার করেন।

[5] দ্রষ্টব্য সপ্তম পাদটীকা, পৃ ৯৬৭

গানের সূচনা। যে গ্রন্থে রবীন্দ্রগীত-রূপে প্রচার	প্রথমসংস্করণ গীত-বিতানের (খ) পরিশিষ্টে	রচয়িতা। তৎ-সম্পর্কিত প্রমাণ
†এ কী এ মোহের ছলনা ॥ ৭ গান (১৯০৯)	*চিহ্নিত	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ২ সঙ্গীতপ্রকাশিকা ৯।১৩১০।৭৯
এ কী ভুলে রয়েছ মন ॥ ৮ কাব্যগ্রন্থ (১৩১০)	নাই	নিমাইচরণ মিত্র সঙ্গীতমুক্তাবলী
এ ভব-কোলাহল ॥ ৯ বাঙ্গালীর গান	নাই	'চলেছে তরণী প্রসাদপবনে' গানের শেষ অংশ
†এসো দয়া গলে যাক ॥ ১০ গান (১৯০৯)	*চিহ্নিত	ইন্দিরা দেবী[৪] ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ৫
†ওই-যে দেখা যায় আনন্দধাম ॥ ১১ কাব্যগ্রন্থ (১৩১০)। গান (১৯০৯) প্রথমসংস্করণ গীতবিতান	নাই	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত সঙ্গীতপ্রকাশিকা ১।১৩১১।৬৪১
†কতদিন গতিহীন ॥ ১২ গান (১৯০৯)	*চিহ্নিত	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ৫
কে আমার সংশয় মিটায় ॥ ১৩ রবিচ্ছায়া	নাই	সুরের উল্লেখ নাই গান নহে
†কেন আনিলে গো ॥ ১৪ গান (১৯০৯)	আছে	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত স্বরলিপি ৬ সঙ্গীতপ্রকাশিকা ১২।'১০।১২৩
গভীর-বেদনা-অস্থির প্রাণ ॥ ১৫ ব্রহ্মসঙ্গীত	নাই	দ্বিজেন্দ্রনাথ ঠাকুর প্রবাসী ১২।১৩৭৬।৮:৮ সাহিত্য-সাধক-চরিত-মালা ৬৬, পৃ ২৫

† দ্রষ্টব্য তৃতীয় পাদটীকা, পৃ ৯৫৯

গানের সূচনা। যে গ্রন্থে রবীন্দ্রগীত-রূপে প্রচার	প্রথমসংস্করণ গীত-বিতানের (খ) পরিশিষ্টে	রচয়িতা। তৎ-সম্পর্কিত প্রমাণ
♪চিত মন তব পদে ॥ ১৬ গান (১৯০৯)	*চিহ্নিত	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ৬
ছাড়িব আজি জীবনতরণী ॥ ১৭ ব্রহ্মসঙ্গীত ও সঙ্কীর্ত্তন	নাই	দয়ালচন্দ্র ঘোষ ব্রহ্মসঙ্গীত ও সঙ্কীর্ত্তন (১৯৩৩)
♪ছেলেখেলা কোরো না লো ॥ ১৮ রবিচ্ছায়া। গান (১৯০৯)	*চিহ্নিত	সুরের উল্লেখ নাই গান নহে
♪জীবন বৃথায় চলে গেল রে ॥ ১৯ গান (১৯০৯)	আছে	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ৫ সঙ্গীতপ্রকাশিকা ৯।১৩১৪।৮২
জীবনবল্লভ তুমি দীনশরণ ॥ ২০ ব্রহ্মসঙ্গীত ও সঙ্কীর্ত্তন	নাই	পুণ্ডরীকাক্ষ মুখোপাধ্যায় ব্রহ্মসঙ্গীত। ব্রহ্মসঙ্গীত ও সঙ্কীর্ত্তন (১৯৩৩)
♪ডাকি তোমারে কাতরে ॥ ২১ গানের বহি। কাব্যগ্রন্থাবলী কাব্যগ্রন্থ (১৩১০)। গান (১৯০৯) রবীন্দ্র-গ্রন্থাবলী	আছে	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ৩
♪তাঁরে রেখো রেখো ॥ ২২ ব্রহ্মসঙ্গীত। গান (১৯০৯)	*চিহ্নিত	ইন্দিরা দেবী প্রবাসী ১১।১৩১১।৬২৪ / রচয়িত্রী-কর্তৃক স্বীকৃত
♪তুমি আদি অনাদি ॥ ২৩ গান (১৯০৯)	*চিহ্নিত	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ৫ সঙ্গীতপ্রকাশিকা ৯।১৩১৪।৭৯

গানের সূচনা। যে গ্রন্থে রবীন্দ্রগীত-রূপে প্রচার	প্রথমসংস্করণ গীত-বিতানের (খ) পরিশিষ্টে	রচয়িতা। তৎ-সম্পর্কিত প্রমাণ
†তোমা বিনা কে আর করে ॥ ২৪ গান (১৯০৯)	*চিহ্নিত	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর সঙ্গীতপ্রকাশিকা ৭।১৩১৪।৩৯
তোমারি জয়, তোমারি জয় ॥ ২৫ ব্রহ্মসঙ্গীত ও সঙ্কীর্ত্তন	নাই	কৈলাসচন্দ্র সেন ব্রহ্মসঙ্গীত ॥ ব্রহ্মসঙ্গীত ও সঙ্কীর্ত্তন (১৯৩৩)
দরশন দাও হে প্রভু ॥ ২৬ সাধনা ১১।১২৯৮।৩১৯। নাম নাই ব্রহ্মসঙ্গীত	নাই	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর জ্যোতিরিন্দ্রনাথের লেখা স্বরলিপি ও গানের খসড়া৬
দীন দয়াময়, ভুলো না ॥ ২৭ ব্রহ্মসঙ্গীত তত্ত্ববোধিনী ৬।১৭৯৪।৯৩ রচয়িতার নাম নাই	নাই	প্রথম প্রকাশের কালে রবীন্দ্রনাথের বয়স ১২ বৎসর। রবীন্দ্রনাথ বলেন, জ্যোতিরিন্দ্রনাথের রচনা। শনিবারের চিঠি ১০।১৩৪৬।৫৯১-৯২
দুজনে মিলিয়া যদি ॥ ২৮ রবিচ্ছায়া	নাই	সুরের উল্লেখ নাই গান নহে
নিকটে নিকটে থাকো হে ॥ ২৯ ব্রহ্মসঙ্গীত	নাই	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর তাঁহার হাতের স্বরলিপি ও গানের খসড়া৬
†নিঝর মিশিছে তটিনীর ॥ ৩০ রবিচ্ছায়া। গান (১৯০৯)	*চিহ্নিত	সুরের উল্লেখ নাই গান নহে

৬ পরপৃষ্ঠা দ্রষ্টব্য

† দ্রষ্টব্য তৃতীয় পাদটীকা, পৃ ৯৫৯

গানের সূচনা। যে গ্রন্থে রবীন্দ্রগীত-রূপে প্রচার	প্রথমসংস্করণগীত-বিতানের (খ) পরিশিষ্টে	রচয়িতা। তৎ-সম্পর্কিত প্রমাণ
৵নিরঞ্জন নিরাকার ॥ ৩১ গান (১৯০৯)	*চিহ্নিত	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ৩ ব্রহ্মসঙ্গীত
৵প্রভু দয়াময় ॥ ৩২ রবিচ্ছায়া। গান (১৯০৯)	*চিহ্নিত	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর তত্ত্ববোধিনী ৬।১৮৩৭।১১৫
বিপদভয়বারণ ॥ ৩৩ ব্রহ্মসঙ্গীত ও সঙ্কীর্ত্তন	নাই	যদু ভট্ট। ব্রহ্মসঙ্গীত ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ১
৵বিমল প্রভাতে মিলি ॥ ৩৪ বৈতালিক। গীতিচর্চ্চা ব্রহ্মসঙ্গীত। গান (১৯০৯)	নাই	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ৫ স্বরলিপি ও গানের খসড়া[৬] সঙ্গীতপ্রকাশিকা ৯।১৩১৪।৬৭
ব্যথাই আমায় আনল ॥ ৩৫ ব্রহ্মসঙ্গীত	নাই	অমিয়চন্দ্র চক্রবর্ত্তী লেখক-কর্তৃক স্বীকৃত
৵ভবভয়হর প্রভু ॥ ৩৬ গান (১৯০৯)	*চিহ্নিত	জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি ৫
মায়ের বিমল যশে ॥ ৩৭ রবিচ্ছায়া	নাই	সুরের উল্লেখ নাই গান নহে

[৬] জ্যোতিরিন্দ্র-পাণ্ডুলিপিতে হিন্দি গানের সুরে বাংলা কথা বসানো। যে স্বরলিপিগুলির বাংলা কথার অংশে অল্পবিস্তর কাটাকুটি আছে সেগুলিকে খসড়া বলা চলে; হাতের লেখা যাঁহার রচনাও তাঁহারই। রবীন্দ্রনাথের প্রখ্যাত কয়েকটি রচনার খসড়া রবীন্দ্রনাথের হাতের লেখায় পাওয়া যায়।

৵ দ্রষ্টব্য তৃতীয় পাদটীকা, পৃ ৯৫৯

দ্বিতীয় সংস্করণের

বিজ্ঞাপন

গীতবিতান যখন প্রথম প্রকাশিত হয়েছিল তখন সংকলনকর্তারা সত্বরতার তাড়নায় গানগুলির মধ্যে বিষয়ানুক্রমিক শৃঙ্খলা বিধান করতে পারেন নি। তাতে কেবল যে ব্যবহারের পক্ষে বিঘ্ন হয়েছিল তা নয়, সাহিত্যের দিক থেকে রসবোধেরও ক্ষতি করেছিল। সেইজন্যে এই সংস্করণে ভাবের অনুষঙ্গ রক্ষা করে গানগুলি সাজানো হয়েছে। এই উপায়ে, সুরের সহযোগিতা না পেলেও, পাঠকেরা গীতিকাব্যরূপে এই গানগুলির অনুসরণ করতে পারবেন।

রবীন্দ্রনাথ ঠাকুর

রবীন্দ্র-সম্পাদিত

গীতবিতানের বিষয়বিন্যাস

ভাগ	গীতসংখ্যা	তৃতীয় সংস্করণ গীতবিতানের পৃষ্ঠা
ভূমিকা	১	১
পূজা		
গান	৩২	৫-১৮
বন্ধু	৫৯	১৮-৪২
প্রার্থনা	৩৬	৪২-৫৯
বিরহ	৪৭	৫৯-৭৯
সাধনা ও সংকল্প	১৭	৮০-৮৬
দুঃখ	৫৯	৮৭-১০৫
আশ্বাস	১২	১০৫-১১০
অন্তর্মুখে	৬	১১০-১১২
আত্মবোধন	৫	১১২-১১৪
জাগরণ	২৬	১১৪-১২২
নিঃসংশয়	১০	১২২-১২৬

ভাগ	গীতসংখ্যা	তৃতীয়সংস্করণ গীতবিতানের পৃষ্ঠা
সাধক	২	১২৬-১২৭
উৎসব	৭	১২৭-১২৯
আনন্দ	২৫	১২৯-১৩৯
বিশ্ব	৩৯	১৩৯-১৫৪
বিবিধ[৭]	১৪৩	১৫৫-২০৩
সুন্দর	৩০	২০৪-২১৪
বাউল	১৩	২১৫-২২০
পথ	২৫	২২০-২২৯
শেষ	৩৪	২২৯-২৪২
পরিণয়[৮]	৯	৬০৭-৬১০
স্বদেশ	৪৬	২৪৫-২৬৭
প্রেম		
গান	২৭	২৭১-২৮১
প্রেমবৈচিত্র্য	৩৬৮	২৮১-৪২৩
প্রকৃতি		
সাধারণ	৯	৪২৭-৪৩১
গ্রীষ্ম	১৬	৪৩১-৪৩৭
বর্ষা	১১৫	৪৩৭-৪৮১
শরৎ	৩০	৪৮১-৪৯৩
হেমন্ত	৫	৪৯৪-৪৯৫
শীত	১২	৪৯৫-৫০০
বসন্ত	৯৬	৫০০-৫৪০
বিচিত্র	১৩৮	৫৪৩-৬০৪
আনুষ্ঠানিক	৯	৬১০-৬১৪
পরিশিষ্ট[৯]	২	৯০৪-৯০৫

তৃতীয় খণ্ডের গ্রন্থপরিচয়

রবীন্দ্রনাথের গানের ‘সম্পূর্ণ’ সংগ্রহ প্রচারের উদ্দেশ্যে ‘গীতবিতান’ (প্রথম ও দ্বিতীয় খণ্ড) বাংলা ১৩৩৮ সালের আশ্বিনে প্রথম প্রকাশিত হয়। তৃতীয় খণ্ডের প্রকাশ ১৩৩৯ সালের শ্রাবণে। এই সংস্করণে গানগুলি প্রধানতঃ বিভিন্ন গীতগ্রন্থের কালক্রমে সন্নিবেশিত হইয়াছিল। পরে, বিষয়ানুক্রমে সাজাইবার প্রয়োজন বোধ করিয়া কবি গানগুলিকে বিভিন্ন ভাগে ও বিভাগে বিভক্ত করিয়া দেন। এইভাবে সজ্জিত দ্বিতীয়সংস্করণ গীতবিতানের মুদ্রণ ১৩৪৬ সালের ভাদ্রেই সমাধা হয়, কিন্তু নানা কারণে ১৩৪৮ মাঘের পূর্বে বহুল প্রচারিত হয় নাই। বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘গীতবিতান দ্বিতীয়-সংস্করণ দুই খণ্ড মুদ্রিত হইয়া যাওয়ার পর কবি আরও *অনেকগুলি গান রচনা করিয়াছিলেন। এই-সকল* গান তৃতীয় খণ্ডে শীঘ্রই প্রকাশিত হইবে। অনবধানতাবশত প্রথম দুই খণ্ডে কতকগুলি গান বাদ পড়িয়াছে; তৃতীয় খণ্ডে ঐ-সকল গান সংযোজিত হইবে।’

বর্তমানে (১৩৫৭ আশ্বিনে) দীর্ঘপ্রত্যাশিত তৃতীয় খণ্ড প্রকাশ করা সম্ভব হইল। ইহাকে নিরভুল বা নিখুঁত করিতে হইলে হয়তো আরও দীর্ঘকাল-ব্যাপী অনুসন্ধান ও সম্পাদনার প্রয়োজন ছিল। কারণ, কবির রচিত গানের

---

৭ দ্বিতীয় সংস্করণে গানের সংখ্যা ১৪৪; তন্মধ্যে ১৪২-সংখ্যক রচনা (আর গো কত ঘুরি। পৃ ১৯৯) বর্তমানে বর্জিত হইল। ব্রহ্মসঙ্গীত-স্বরলিপির তৃতীয় খণ্ডে এই গান (সংখ্যা ৬) রবীন্দ্রনাথের নামে মুদ্রিত, পরে চিরকুটে দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের নাম ছাপাইয়া সংশোধিত—এরূপ গ্রন্থ দেখা গিয়াছে। শ্রীমতী ইন্দিরাদেবীর অভিমত এই সংশোধনেরই অনুকূলে।

৮ বর্তমান মুদ্রণে এই গীতিগুচ্ছ দ্বিতীয় খণ্ডে আনুষ্ঠানিক সংগীতের প্রথম পর্যায়রূপে সংকলিত। কবির বহু গীতিসংকলনে এই গান বা এরূপ গান সংগত কারণেই অনুষ্ঠানসংগীত-রূপে গণ্য হইয়া আসিতেছে।

৯ ১৩৪৬ ভাদ্রে গ্রন্থমুদ্রণ প্রায় শেষ হইবার পর রচিত হওয়ায় পরিশিষ্টে দেওয়া ছাড়া উপায় ছিল না। বর্তমানে বিষয় ও রচনাকাল বিচার করিয়া তৃতীয় খণ্ডে যথোচিত স্থানে সংকলন করা হইয়াছে।

সংখ্যা অল্প নহে ; পাঠভেদ 'অনন্ত' ; মূলতঃ কতগুলি পত্রিকায়, অনুষ্ঠানপত্রে, পাণ্ডুলিপিতে, কবির আপন গ্রন্থে ও অন্যের কৃত সংকলনে এই-সব রচনা বিন্যস্ত বা বিক্ষিপ্ত হইয়া আছে তাহার তালিকাও অতিশয় দীর্ঘ হইবে। কবির প্রথম বয়সে তাঁহার বহু রচনা যেমন অন্যের গ্রন্থে স্থান পাইয়াছে, অন্যের একাধিক রচনা যে তাঁহার গ্রন্থে স্থান পায় নাই এমন নয়, অথচ যথোচিত প্রমাণের অভাবে বা নানা প্রমাণের পরস্পরবিরুদ্ধতায় অনিশ্চয়তা ঘুচে না। সম্পাদন-কার্যে নানা ত্রুটিবিচ্যুতির সম্ভাবনা আছে সন্দেহ নাই।

যাহা হউক, পূর্বেই বলা হইয়াছে যে, প্রচলিত গীতবিতানের প্রথম দুইটি খণ্ডে কবির যে গান বর্জিত, যে গান সংকলিত হওয়া সম্ভবপর ছিল না বা প্রমাদবশতঃ সংকলিত হয় নাই, সে-সবই বর্তমান তৃতীয় খণ্ডে গ্রহণ করা হইয়াছে। তাহা ছাড়া পূর্বোক্ত দুই খণ্ডে 'বাল্মীকিপ্রতিভা' ও 'মায়ার খেলা'র অল্প কতকগুলি গান বাছিয়া লওয়া হইয়াছিল মাত্র; বর্তমান তৃতীয় খণ্ডে সম্পূর্ণ 'বাল্মীকিপ্রতিভা' ও 'মায়ার খেলা' মুদ্রিত হইল। কেবল এই দুইটি গীতিনাট্য বলিয়া নয়, কবির সমুদয় গীতিনাট্য ও নৃত্যনাট্যই, যাহার আদ্যন্তই প্রায় সুরে বাঁধা এবং প্রসঙ্গবিচ্ছিন্ন হইলে যাহার অনেকাংশের অর্থ বা কবিত্বসৌষ্ঠব -অবধারণে অসুবিধা হইতে পারে, এই সর্বশেষ খণ্ডে সম্পূর্ণতঃ সংকলন করা সংগত মনে হইয়াছে। পরিশিষ্টে 'নৃত্যনাট্য মায়ার খেলা' (পাণ্ডুলিপি : পৌষ ১৩৪৫) এবং 'পরিশোধ' (প্রবাসী : কার্তিক ১৩৪৩) মুদ্রিত হইল।

সুধীজনের নিকট বিস্তারিত ভাবে বলা বাহুল্য যে, সংগীতস্রষ্টা রবীন্দ্রনাথের সৃষ্টির পরিমাণ প্রকৃতি ও পরিণতির পূর্ণাঙ্গ অনুশীলন ও ধারণার অনুকূলেই 'রবিচ্ছায়া' 'গানের বহি' প্রভৃতি প্রাচীন কোনো গ্রন্থের কবি-রচিত কোনো গানই ত্যাগ করা চলে না। বহু রচনাকে সাধারণে নিছক কবিতা বলিয়া জানিলেও কবির বহু গ্রন্থে বহুবার সেগুলি সুর-তালের উল্লেখের দ্বারা অভ্রান্ত-ভাবে গীতরূপেও নির্দিষ্ট ; সেই গানগুলি এই গ্রন্থে সংকলন করা হইল। মুদ্রিত স্বরলিপির ঠিকানা সূচীতে দেওয়া হইয়াছে ; যে ক্ষেত্রে সুরের অথবা সুর ও তালের উল্লেখ মাত্র পাওয়া গিয়াছে, সেই তথ্যটুকুই সূচীতে পরিবেশিত। রবীন্দ্র-সংগীতের স্বরলিপি-সংবলিত পুস্তক ও সাময়িক পত্রের তালিকা আখ্যাপত্রের পরেই সন্নিবেশিত আছে।

তৃতীয়খণ্ড গীতবিতানের গানগুলি সম্পর্কে উল্লেখযোগ্য তথ্যাদি, রচনার সন্নিবেশক্রমে পরে দেওয়া গেল। পার্শ্ববর্তী প্রথম সংখ্যায় এই গ্রন্থের পৃষ্ঠা, আবশ্যকস্থলে পূর্ণচ্ছেদের পরবর্তী সংখ্যায় আলোচ্য গানের সংখ্যা, বুঝানো হইয়াছে।

৬১৭-৭৫০ গীতিনাট্য ও নৃত্যনাট্য ॥ কৌতূহলী পাঠক এই নাট্যাবলী সম্পর্কে বহু তথ্য রবীন্দ্র-রচনাবলীর বিভিন্ন খণ্ডের গ্রন্থপরিচয়ে দেখিয়া লইবেন। যেমন, রবীন্দ্র-রচনাবলীর—

'অচলিত' প্রথম খণ্ডে : কালমৃগয়া ও
প্রথমসংস্করণ বাল্মীকিপ্রতিভা
প্রথম খণ্ডে : বাল্মীকিপ্রতিভা ও মায়ার খেলা
পঞ্চবিংশ খণ্ডে : চিত্রাঙ্গদা চণ্ডালিকা ও শ্যামা

৬১৭-৩৪ কালমৃগয়া ॥ গীতিনাট্য। প্রকাশকাল অগ্রহায়ণ ১২৮৯। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের গৃহে 'বিদ্বজ্জনসমাগম' উপলক্ষ্যে খৃস্টীয় ১৮৮২ অব্দের শনিবার ২৩ ডিসেম্বর তারিখে অভিনীত।

৬৩৫-৫৪ বাল্মীকিপ্রতিভা ॥ গীতিনাট্য। ১২৮৭ (১৮০২ শক) ফাল্গুনে প্রকাশিত। ১২৯২ ফাল্গুনে যে দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইয়াছিল তাহা বহুশঃ পৃথক্ গ্রন্থ, উহারই ঈষৎ-সংস্কৃত রূপ বর্তমানে প্রচলিত এবং গীতবিতান গ্রন্থে মুদ্রিত। ইহাতে 'কালমৃগয়া' হইতে বহু গান, কতকগুলি পরিবর্তন-সহ, কতকগুলি যথাযথ, গৃহীত হইয়াছে। 'জীবনস্মৃতি'তে কবি বলেন, 'বাল্মীকিপ্রতিভায় অক্ষয় বাবুর [অক্ষয়চন্দ্র চৌধুরীর] কয়েকটি গান আছে এবং ইহার দুইটি গানে বিহারী [লাল] চক্রবর্তী মহাশয়ের সারদামঙ্গল-সঙ্গীতের দুই-এক স্থানের ভাষা ব্যবহার করা হইয়াছে।'

৬৪০ ও ৬৪৩ 'রাঙাপদপদ্মযুগে প্রণমি গো ভবদারা' এবং 'এত রঙ্গ শিখেছ কোথা' গান দুটি, শ্রীমতী ইন্দিরাদেবীর মতে অক্ষয়চন্দ্র চৌধুরীর রচনা। দ্রষ্টব্য : রবীন্দ্রস্মৃতি : বিশ্বভারতী পত্রিকা ১-৩।১৩৬৪।২৯০

৬৫২ কোথায় সে উষাময়ী প্রতিমা ॥ 'যাও লক্ষ্মী অলকায়' প্রভৃতি ছত্রে 'সারদামঙ্গল' কাব্যের অংশবিশেষের প্রভাব আছে।

৬৫৩ এই-যে হেরি গো দেবী আমারি ॥ ইহাতে দ্বিজেন্দ্রনাথের 'স্বপ্ন-প্রয়াণ' (অক্টোবর ১৮৭৫) কাব্যের 'জয় জয় পরব্রহ্ম' গানটির কিছু প্রভাব লক্ষ্য করা যায়।

৬৫৩ দীন হীন বালিকার সাজে ॥ গান নহে, আবৃত্তির বিষয়।

৬৫৫-৮২ মায়ার খেলা ॥ গীতিনাট্য। ১৮১০ শকের (বাংলা ১২৯৫) অগ্রহায়ণ মাসে প্রথম প্রকাশিত। কবি ইহার বিজ্ঞাপনে জানাইয়াছেন, 'সখিসমিতির মহিলাশিল্পমেলায় অভিনীত হইবার উপলক্ষে এই গ্রন্থ উক্ত সমিতিকর্ত্তৃক মুদ্রিত হইল।··· আমার পূর্ব্বরচিত একটি অকিঞ্চিৎকর গদ্যনাটিকার [নলিনী'র] সহিত এ গ্রন্থের কিঞ্চিৎ সাদৃশ্য আছে।··· পাঠক ও দর্শকদিগকে বুঝিতে হইবে যে, মায়াকুমারীগণ এই কাব্যের অন্যান্য পাত্রগণের দৃষ্টি বা শ্রুতিগোচর নহে।'

রবীন্দ্রনাথ তাঁহার প্রথম জীবনের এই গীতিনাট্যকে শেষ বয়সে (১৩৪৫ সালে) নূতন রূপ দিয়া, পুরাতন গানকে নূতন করিয়া এবং বহু নূতন গানও যোজনা করিয়া, নৃত্যে অভিনয় করাইবার আয়োজন করিয়াছিলেন। সেই অ-পূর্বপ্রকাশিত নৃত্য-নাট্য 'পরিশিষ্ট ১' রূপে এই গ্রন্থে অন্যত্র মুদ্রিত হইল।

৬৮৩-৭০৮ চিত্রাঙ্গদা ॥ নৃত্যনাট্য। কবির পুরাতন রচনা 'চিত্রাঙ্গদা' (ভাদ্র ১২৯৯) কাব্যের কাহিনী অবলম্বনে রচিত এবং কলিকাতায় 'নিউ এম্পায়ার থিয়েটার'এ খৃস্টীয় ১৯৩৬ সালের ১১, ১২, ১৩ মার্চ তারিখে অভিনয়-উপলক্ষ্যে প্রথম প্রকাশিত। বিজ্ঞপ্তিতে কবি জানাইয়াছিলেন, 'এই গ্রন্থের অধিকাংশই গানে রচিত এবং সে গান নাচের উপযোগী। এ কথা মনে রাখা কর্ত্তব্য যে, এই-জাতীয় রচনায় স্বভাবতই সুর ভাষাকে বহুদূর অতিক্রম করে থাকে, এই কারণে সুরের সঙ্গ না পেলে এর বাক্য এবং ছন্দ পঙ্গু হয়ে থাকে। কাব্য-আবৃত্তির আদর্শে এই শ্রেণীর রচনা বিচার্য্য নয়। যে পাখীর প্রধান বাহন পাখা, মাটির উপরে চলার সময় তার অপটুতা অনেক সময় হাস্যকর বোধ হয়।'

৬৮৩ 'ভূমিকা' ছাড়াও ইহার—

৬৮৭ সখী, কী দেখা দেখিলে তুমি ইত্যাদি ৫ ছত্র

৬৮৯ হায় হায়, নারীরে করেছি ব্যর্থ ইত্যাদি ৮ ছত্র

৬৯০-৯১ ব্রহ্মচর্য! ইত্যাদি ৮ ছত্র

৬৯৩ এ কী দেখি! ইত্যাদি ১১ ছত্র

৬৯৪ মীনকেতু ইত্যাদি ৪ ছত্র

৬৯৬ হে সুন্দরী, উন্মথিত যৌবন আমার ইত্যাদি ১৫ ছত্র

৬৯৭ আজ মোরে ইত্যাদি ২০ ছত্র

৭০২-৭০৩ রমণীর মন-ভোলাবার ছলাকলা ইত্যাদি ৯ ছত্র

৭০৫ হে কৌন্তেয় ইত্যাদি ৮ ছত্র [পরপৃষ্ঠা দ্রষ্টব্য

অংশগুলি গান নয়, 'কাব্য-আবৃত্তির আদর্শে' রচিত। ৭০৮ পৃষ্ঠায় মুদ্রিত বৈদিক মন্ত্র কয়টিও আবৃত্তির বিষয়।

৭০৬-৭০৭ এস' এস' বসন্ত, ধরাতলে॥ রূপান্তরে 'মায়ার খেলা'য় মুদ্রিত।

বিভিন্ন অভিনয়-উপলক্ষে কবিকর্তৃক এই নৃত্যনাট্যের বহুল পরিবর্তন সম্পর্কে, শ্রীশান্তিদেব ঘোষ মহাশয় যাহা জানাইয়াছেন এ স্থলে তাহার উল্লেখ করা যাইতেছে—

৬৮৭ যাও যদি যাও তবে ইত্যাদি দ্বিতীয় দৃশ্যের প্রথম গানটি ১৯৩৬ সালের পরবর্তী অভিনয়ে প্রায়শঃই বাদ দেওয়া হইয়া থাকে।

৬৯০ যে ছিল আপন শক্তির অভিমানে··· হায় হায় হায়॥ সখীগণের গানের এই তুকের পরেই নিম্নলিখিত সংলাপটুকু, ১৯৩৯ খৃস্টাব্দে কবিকর্তৃক সন্নিবিষ্ট হইয়া, বাঁকুড়ায় ও মেদিনীপুরে বহু অভিনয়ে গীত ও অভিনীত হইয়াছিল :

চিত্রাঙ্গদা। তুমি কি পঞ্চশর।
মদন। আমি সেই মনসিজ—
নিখিলের নরনারী-হিয়া
টেনে আনি বেদনাবন্ধনে।
চিত্রাঙ্গদা। কী বেদনা কী বন্ধন
জানে তাহা দাসী।

তুমি কোন্ দেবতা প্রভু,
তুমি কোন্ দেবতা।

[ঋতুরাজ] আমি ঋতুরাজ, আমি
অখিলের অনন্ত যৌবন।
আমি ঋতুরাজ।

এই অংশটি যুক্ত হওয়াতে, সহজেই অনুমেয়, নৃত্যনাট্যের প্রচলিত সংস্করণ-অনুযায়ী মদনের যে কালে আবির্ভাব, তৎপূর্বেই তাঁহার ঋতুরাজ-সহ (?) মঞ্চপ্রবেশ ঘটানো হইয়াছিল।

শ্রীশান্তিদেব ঘোষ ইহাও জানাইয়াছেন যে—

৬৯০ ব্রহ্মচর্য !— পুরুষের স্পর্ধা এ যে ইত্যাদি ৩ ছত্র, এ ক্ষেত্রে মদনের উক্তিরূপেই ব্যবহৃত হইয়াছিল এবং পরবর্তী

৬৯১ পঞ্চশর, তোমারি এ পরাজয় ইত্যাদি ৫ ছত্র ছিল সখীর উক্তি।

৭০৫ হে কৌন্তেয় ইত্যাদি পূর্বোক্ত ৮ ছত্র সম্পর্কে শ্রীশান্তিদেব ঘোষ জানাইয়াছেন যে, প্রচলিত স্বরলিপিগ্রন্থে গানরূপে প্রচারিত না থাকিলেও, ১৯৩৮ ফেব্রুয়ারিতে এই অংশে কবি সুর দেন এবং ঐ বৎসর মার্চ্ মাসে পূর্ববঙ্গ ও আসাম -ভ্রমণকালে বহু অভিনয়ে, তেমনি পরবৎসর বাঁকুড়ায় ও মেদিনীপুরে শান্তিনিকেতনের ছাত্র-ছাত্রী-গোষ্ঠী যে অভিনয় করেন তাহাতে, সুরে ও তালে গীত এবং অভিনীত হয়।

৭০৯-৩২ চণ্ডালিকা ॥ নৃত্যনাট্য। ১৩৪০ ভাদ্রে রবীন্দ্রনাথের 'চণ্ডালিকা' নাটক প্রকাশিত হয়; উহাতে দুইটি দৃশ্য এবং প্রায় বলা চলে 'প্রকৃতি' ও 'মা' এই দুইটি চরিত্রই আছে। মা ও মেয়ের সংলাপ গদ্যে রচিত হইয়াছে। ওই নাটকেরই বিষয়বস্তু সম্পূর্ণ নূতন ভাবে আদ্যন্ত 'ছন্দে' ও সুরে রচনা করিয়া, বর্তমান নৃত্যনাট্যের প্রথম প্রকাশ বাংলা ১৩৪৪ সালের ফাল্গুনে; সর্বসাধারণ-সমক্ষে প্রথম অভিনীত হয় কলিকাতার 'ছায়া' রঙ্গমঞ্চে খৃস্টীয় ১৯৩৮ সালের ১৮, ১৯ ও ২০ মার্চ্ তারিখে। পরবর্তী ৯ ও ১০ ফেব্রুয়ারি তারিখে (১৯৩৯ খৃস্টাব্দ) কলিকাতায় 'শ্রী' রঙ্গমঞ্চে পুনরভিনয়ের

প্রাক্কালে রবীন্দ্রনাথ পূর্বোক্ত রচনাটিতে নানা পরিবর্তন সাধন করেন। পরিবর্তিত নাটকের যে পাঠ ১৩৩৫ চৈত্রে স্বরলিপি-সহ প্রচারিত হয় তাহাই বর্তমান গ্রন্থে সংকলন করা হইয়াছে। এই রচনা আদ্যন্তই সুরে তালে বসানো।

১৩৪৪ ফাল্গুনে প্রকাশিত 'চণ্ডালিকা'য়, আখ্যায়িকার সার-সংকলন হিসাবে মূল নৃত্যনাট্যের পূর্বে একটি 'পরিচয়' মুদ্রিত আছে; উহার সূচনায় কবি বলিয়াছেন, 'সমগ্র চণ্ডালিকা নাটিকার গদ্য এবং পদ্য অংশে সুর দেওয়া হয়েছে।'

বস্তুতঃ, চণ্ডালিকার ব হু গা ন স ম্পূর্ণ ই গ দ্য ছ ন্দে লে খা ইহা সতর্ক পাঠকের মনোযোগ এড়াইবে না।

৭৩৫-৫০ শ্যামা ॥ নৃত্যনাট্য। 'কথা ও কাহিনী' কাব্যের অন্তর্গত 'পরিশোধ' (২৩ আশ্বিন ১৩০৬) কবিতাটির বিষয়বস্তু লইয়া রচিত 'পরিশোধ' নৃত্যনাট্য (আশ্বিন ১৩৪৩) বর্তমান গ্রন্থে 'পরিশিষ্ট ২' রূপে মুদ্রিত। 'শ্যামা' উহারই পরিবর্তিত পরিবর্ধিত ও সমৃদ্ধতর রূপ বলা যায়; বাংলা ১৩৪৬ ভাদ্রে স্বরলিপি-সহ প্রথম প্রচারিত। তৎপূর্বে ১৯৩৯ খৃস্টাব্দের ৭ ও ৮ ফেব্রুয়ারি তারিখে কলিকাতার 'শ্রী' রঙ্গমঞ্চে অভিনীত হয়। ইহাও প্রথম হইতে শেষ পর্যন্ত সুরে তালে বাঁধা, কোথাও 'কাব্য-আবৃত্তি' নাই।

৭৫৩-৬৪। ১-২০ সংখ্যা ॥ ভানুসিংহ ঠাকুরের পদাবলী ॥ বাংলা ১২৯১ সালে প্রথম প্রকাশ -কালে একুশটি রচনা ছিল। আর-একটি ভানুসিংহের পদ (কো তুঁহুঁ বোলবি মোয়) ১২৯২ সালের 'প্রচার' মাসিকপত্রে এবং পরে 'কড়ি ও কোমল' গ্রন্থের প্রথম সংস্করণে মুদ্রিত হয়। বৈষ্ণব পদকর্তাদিগের অনুসরণে প্রাচীন ব্রজবুলিতে এই গান বা কবিতাগুলির রচনা পুরাতন হইলেও, ইহার মধ্যে অনেকগুলি কয়েক বৎসর ধরিয়া 'ভারতী'তেও প্রকাশ পায়— যথা, বর্তমান গ্রন্থের ৮, ৯, ১০, ১৩, ১৪, ১৫ সংখ্যা ১২৮৪ সালে; ১৮ সংখ্যা ১২৮৫ সালে; ১৬ সংখ্যা ১২৮৬ সালে; ১৭ ও ১৯ সংখ্যা ১২৮৭ সালে এবং ১১ সংখ্যা ১২৯০ সালে। মূলতঃ 'ভারতী'র ১২৮৪

আশ্বিন ও ১২৮৮ শ্রাবণ-সংখ্যায় মুদ্রিত দুইটি পদ—

৪৪০ সজনি গো) শাঙনগগনে ঘোর ঘনঘটা ইত্যাদি

৩৪২ মরণ রে তুঁহুঁ মম শ্যামসমান ইত্যাদি

গীতবিতানের পূর্ববর্তী অংশে মুদ্রিত হইয়াছে। বর্তমান খণ্ডে, যে গানগুলির স্বরলিপি (সংখ্যা ২, ৩, ৫, ৮, ৯, ১০, ১১) আছে সে-গুলির পাঠ স্বরলিপি-অনুসারী। স্বরলিপি-বিহীন রচনার সংকলন-কালে প্রায়শঃ পরবর্তী সংহত ও মার্জিত পাঠই গৃহীত হইয়াছে। বলা প্রয়োজন—

৭৫৯।১২ -সংখ্যক গানের প্রাচীন পাঠ 'গহির নীদমে' ইত্যাদি

৭৬৩।১৯ -সংখ্যক গানেরও প্রাচীন পাঠ 'দেখলো সজনী চাঁদনী রজনী' ইত্যাদি। ১২৯১ সালে মুদ্রিত মূলগ্রন্থ দ্রষ্টব্য।

৭৬৭-৮০৯। ১-১২৬ সংখ্যা ॥ নাট্যগীতি ॥ বিভিন্ন নাটক বা নাট্যকাব্যের যে গানগুলি ইতিপূর্বে সংকলিত হয় নাই সেইগুলি এই অধ্যায়ে মুদ্রিত। কোনো নাটকের না হইলেও নাট্যগুণোপেত অন্য কতক-গুলি রচনাও স্থান পাইয়াছে।

৭৬৭।১ জ্বল্ জ্বল্ চিতা, দ্বিগুণ দ্বিগুণ ॥ এই রচনা জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর-প্রণীত 'সরোজিনী' নাটকের (১৭৯৭ শকাব্দ) অন্তর্গত এবং জহরব্রত-উদ্‌যাপনোদ্যতা রাজপুত-ললনাদের সমবেতসংগীত। (যেটুকুর স্বরলিপি আছে সেই সংক্ষিপ্ত পাঠই গীতবিতান গ্রন্থে সংকলিত।) ইহার রচনা সম্পর্কে জ্যোতিরিন্দ্রনাথের উক্তি উদ্ধারযোগ্য—

…রাজপুত মহিলাদের চিতাপ্রবেশের যে একটা দৃশ্য আছে, তাহাতে পূর্ব্বে আমি গদ্যে একটা বক্তৃতা রচনা করিয়া দিয়া-ছিলাম। যখন এই স্থানটা পড়িয়া প্রুফ্ দেখা হইতেছিল, তখন রবীন্দ্রনাথ পাশের ঘরে পড়াশুনা বন্ধ করিয়া চুপ করিয়া বসিয়া বসিয়া শুনিতেছিলেন। গদ্য-রচনাটি এখানে একেবারেই খাপ খায় নাই বুঝিয়া, কিশোর রবি একেবারে আমাদের ঘরে আসিয়া হাজির। তিনি বলিলেন— এখানে পদ্যরচনা ছাড়া কিছুতেই

জোর বাঁধিতে পারে না। প্রস্তাবটা আমি উপেক্ষা করিতে পারিলাম না— কারণ, প্রথম হইতেই আমারও মনটা কেমন খুঁৎ-খুঁৎ করিতেছিল। কিন্তু এখন আর সময় কৈ? আমি সময়াভাবের আপত্তি উত্থাপন করিলে, রবীন্দ্রনাথ সেই বক্তৃতাটির পরিবর্তে একটা গান রচনা করিয়া দিবার ভার লইলেন, এবং তখনই খুব অল্প সময়ের মধ্যেই "জ্বল্ জ্বল্ চিতা দ্বিগুণ দ্বিগুণ" এই গানটি রচনা করিয়া আনিয়া, আমাদিগকে চমৎকৃত করিয়া দিলেন।

—জ্যোতিরিন্দ্রনাথের জীবনস্মৃতি (১৩২৬) পৃ ১৮৭

৭৬৭।২ হৃদয়ে রাখো গো, দেবী, চরণ তোমার॥ ইহার ভাব ও ভাষা অনেকাংশে বিহারীলাল চক্রবর্তীর 'সারদামঙ্গল' (১২৮৬) কাব্য হইতে গৃহীত; উক্ত গ্রন্থের ১২৭৭ সালে রচনা আরম্ভ ও ১২৮১ সালে 'আর্য্যদর্শন' পত্রে আংশিক প্রকাশ হয়। প্রথম হইতেই এই গানটি 'বাল্মীকিপ্রতিভা'র শেষে বরদাত্রী সরস্বতীর ভাষণের অব্যবহিত পূর্বে বাল্মীকি-কর্তৃক উদ্‌গীত বাণীবন্দনারূপে সন্নিবিষ্ট ছিল। 'গান' গ্রন্থের প্রথম প্রকাশকালে (সেপ্টেম্বর ১৯০৮) ইহা 'বাল্মীকিপ্রতিভা' হইতে বর্জিত হইয়াছে।

৭৬৮-৭৩। ৩-১৩ -সংখ্যক গানগুলি 'ভগ্নহৃদয়' (১২৮৮ বঙ্গাব্দ) নাট্যকাব্যের অন্তর্গত। 'রবিচ্ছায়া'য় অধিকাংশ ক্ষেত্রে সুর-তালের উল্লেখ-সহ, সংকলিত আছে।

৭৩-৭৪। ১৪ ও ১৫ -সংখ্যক রচনা 'রুদ্রচণ্ড' (১২৮৮) নাট্যকাব্যের অন্তর্গত এবং 'রবিচ্ছায়া'য় সংকলিত। প্রথমোক্ত গানটি প্রাপ্ত স্বরলিপি-অনুযায়ী বর্তমান গ্রন্থে সংক্ষিপ্ত আকারে সংকলন করা হইয়াছে।

৭৭৪-৭৫। ১৬-২০ সংখ্যা 'প্রকৃতির প্রতিশোধ' (১২৯১) হইতে।

৭৭৪।১৭ এটি বৃদ্ধ ভিক্ষুকের গান; নাটকের পূর্বতন সংস্করণে দীর্ঘতর ছিল। 'কাব্যগ্রন্থাবলী'তে ও পরবর্তী সংস্করণসমূহে সংক্ষিপ্ত আকারে মুদ্রিত হইয়াছে।

৭৭৭।২৭-২৯ বাংলা ১২৯১ বৈশাখে 'নলিনী' নাটকে মুদ্রিত। ২৭ এবং ২৯ -সংখ্যক গান দুটি পরবর্তী 'বিবাহ-উৎসব' গীতিনাট্যেরও অন্তর্গত।

৭৭৫-৮০। ২১-২৭ ও ২৯-৩৯ চিহ্নিত ১৮টি গান, 'বিবাহ-উৎসব' গীতিনাট্যে যে পারম্পর্যে পাওয়া যায় সেইভাবেই সংকলিত। প্রাপ্ত পুস্তিকার মলাট ও আখ্যাপত্র নাই ; প্রকাশকাল প্রভৃতি জানা যায় না। তবে ১২৯৯ সালের ভাদ্র-আশ্বিন সংখ্যা 'ভারতী'তে এই গীতিনাট্যের প্রথম দৃশ্য স্বরলিপি-সহ প্রকাশিত হয়। জানা যায় 'কোনো পারিবারিক বিবাহ-উৎসবোপলক্ষে' ইহার যৌথ রচনা[১]। মোট ৭টি দৃশ্য, ৪৫টি গান ; তন্মধ্যে জ্যোতিরিন্দ্রনাথ অক্ষয়চৌধুরী ও স্বর্ণকুমারীদেবীর কতকগুলি রচনা থাকিলেও, রবীন্দ্রনাথের রচনাই ২৮টি। সর্বশেষে সুর-তালের-উল্লেখ-হীন 'যে তোরে বাসে রে ভালো' ইত্যাদি ছত্র, শ্রীমতী ইন্দিরাদেবী বলেন, আবৃত্তিবিষয় মাত্র . 'শিশু' কাব্যে পাওয়া যাইবে। সবগুলি গান গীতবিতানে সংকলিত — ১৮টি বর্তমান গুচ্ছে, আর 'নাচ্ শ্যামা তালে তালে' 'রিম্ ঝিম্ ঘন ঘন রে' 'বুঝি বেলা বহে যায়' 'মনে রয়ে গেল মনের কথা' 'তারে দেখাতে পারি নে কেন' ইত্যাদি ১০টি গান নানা সূত্রে গীতবিতানের অন্য নানা স্থলে। দ্বিতীয় দৃশ্যের অন্তর্গত ও 'ভারতী'র ১৩০০ বৈশাখে মুদ্রিত—

৭৭৬।২২,২৪ 'সাধ ক'রে কেন সখা' ও 'তুমি আছ কোন্ পাড়া' যে রবীন্দ্রনাথেরই রচনা ইহা জানাইয়াছেন সরলাদেবী (ভারতী : ফাল্গুন ১৩০১, পৃ ৬৮১-৮২) তাঁহার 'বাঙ্গলার হাসির গান ও তাহার কবি' প্রবন্ধে। বর্তমান গীতিগুচ্ছের (২১-৩৯ সংখ্যা) অবশিষ্ট গানগুলি সম্পর্কে অন্যান্য জ্ঞাতব্য তথ্য এই যে—

[১] দ্রষ্টব্য শ্রীমতী ইন্দিরাদেবী -রচিত 'রবীন্দ্রস্মৃতি' : বিশ্বভারতী পত্রিকা : মাঘ-চৈত্র ১৩৬৩, পৃ ১৯৪-৯৫। অপিচ দ্রষ্টব্য সরলাদেবী চৌধুরানী -প্রণীত 'জীবনের ঝরা পাতা' (১৮৭৯ শক) গ্রন্থ : তদনুযায়ী (পৃ ৫৬) হিরণ্ময়ীদেবীর বিবাহ-উপলক্ষে ইহার রচনা। জানা যায় শেষোক্ত ঘটনা রবীন্দ্রনাথের বিবাহ (২৪ অগ্রহায়ণ ১২৯০) হইতে ৩ মাস পরে ; দ্রষ্টব্য : সমকালীন ১।১৩৬৪।২০-২১ পৃ।

৭৭৫।২১ 'ছবি ও গান' (ফাল্গুন ১২৯০) কাব্যের অন্তর্গত। এখানে 'স্বরলিপি গীতিমালা'র সংক্ষিপ্ত পাঠ গৃহীত হইয়াছে।

৭৭৮।৩২ 'স্বরলিপি-গীতিমালা' পুস্তকে মুদ্রিত দীর্ঘতর পাঠ রবীন্দ্রনাথ ও জ্যোতিরিন্দ্রনাথের সম্মিলিত রচনা বলিয়া নির্দিষ্ট। 'গানের বহি' প্রভৃতি গ্রন্থে পূর্বোক্ত রচনার প্রথমার্ধ মাত্র গৃহীত, এজন্য ঐটুকুই রবীন্দ্ররচনা মনে হয়। অবশিষ্ট রচনাংশের শ্রী ও শৈলী পৃথক্, উহাই জ্যোতিরিন্দ্রনাথের রচনা অনুমান করা যাইতে পারে। 'গানের বহি'তে ও 'বিবাহ-উৎসব' গীতিনাট্যে এক পাঠই পাওয়া যায়, এবং উহাই গীতবিতানে সংকলিত হইয়াছে।

৭৭৯-৮০। ৩৫, ৩৮ -সংখ্যক দুটি গানই 'গানের বহি' (বৈশাখ ১৩০০) এবং 'স্বরলিপি-গীতিমালা' (১৩০৪) গ্রন্থে পাওয়া যায়।

৭৭৯-৮০। ৩৬, ৩৯ -সংখ্যক গান 'স্বরলিপি-গীতিমালা'য় সংকলিত। শেষোক্ত গানটি জ্যোতিরিন্দ্রনাথের হাতে লেখা স্বরলিপিতেও রবীন্দ্রনাথের রচনা বলিয়াই নির্দিষ্ট।

৭৭৫-৭৯। ২১, ২৩, ২৬-৩১, ৩৩, ৩৪, ৩৭ -সংখ্যক গান ১২৯২ বৈশাখে প্রকাশিত 'রবিচ্ছায়া'তেও সংকলিত আছে।

৭৮০।৪০ প্রথমাবধি 'রাজা ও রানী' (শ্রাবণ ১২৯৬) নাটকে মুদ্রিত।

৭৮১।৪১ আজ আসবে শ্যাম ॥ 'রাজা ও রানী'র প্রথম সংস্করণে ছিল।

৭৮১-৮২। ৪২-৪৫ -সংখ্যক গান 'বিসর্জন' (প্রথম প্রকাশ: ১২৯৭ জ্যৈষ্ঠ) নাটকের বিভিন্ন সংস্করণ হইতে গৃহীত।

৭৮১।৪২,৪৪-৪৫। কলিকাতায় 'ভারত সঙ্গীত সমাজ'এর উদ্যোগে ১ পৌষ ১৩০৭ তারিখে 'বিসর্জন'এর বিশেষ অভিনয় হয়। অনুষ্ঠানপত্রে দেখা যায়— অটলকুমার সেন (গোবিন্দমাণিক্য), অমরনাথ বসু (নক্ষত্ররায়), রবীন্দ্রনাথ ঠাকুর (রঘুপতি), হেমচন্দ্র বসুমল্লিক (জয়সিংহ), অন্নদাপ্রসাদ ঘোষ (মন্ত্রী), ভূতনাথ মিত্র (চাঁদপাল), বেণীমাধব দত্ত (নয়নরায়) এবং মণীন্দ্রনাথ মুখোপাধ্যায় (গুণবতী) ইহাতে অভিনয় করেন। উক্ত অভিনয়ের অনুষ্ঠানপত্রে এই তিনটি গানই পাওয়া যায়। ৪২-সংখ্যক

রচনা এ পর্যন্ত কোনো গ্রন্থে পাওয়া যায় নাই।

৭৮২।৪৬ খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে ॥ 'সোনার তরী'র অন্তর্গত এই কবিতার রচনাকাল : ১৯ আষাঢ় ১২৯৯। 'ভারতী'তে ১২৯৯ চৈত্রে ইহার স্বরলিপি প্রকাশিত হয়।

৭৮৩-৮৫। ৪৭-৫১ -সংখ্যক রচনাবলি সংশোধিত 'গান' (১৯০৯ খৃস্টাব্দ) গ্রন্থ হইতে সংকলিত। ৯৫৯ পৃষ্ঠায় তৃতীয় পাদটীকা দ্রষ্টব্য।

৭৮৩।৪৭-৪৮ 'চিত্রা' (ফাল্গুন ১৩০২) কাব্যের অন্তর্গত।

৭৮৭।৪৯ 'চৈতালি' (আশ্বিন ১৩০৩) কাব্যের 'গান' রচনার প্রথম ও শেষ স্তবক, মধ্যবর্তী স্তবক বর্জিত; রচনা : ২৯ চৈত্র [১৩০২]

৭৮৪-৮৯। ৫০-৫৫ সংখ্যা : 'কল্পনা' (বৈশাখ ১৩০৭) কাব্যের অন্তর্গত।

৭৮৬।৫১ 'কল্পনা' কাব্যে পাঠান্তর মুদ্রিত আছে। স্বরলিপি-সহ বর্তমান পাঠ কবির হস্তাক্ষরে পাওয়া গিয়াছে। 'বিশ্বভারতী পত্রিকা'র ১৩৪৯ ভাদ্র-সংখ্যায় বা 'অখণ্ড' গীতবিতানে তাহার প্রতিলিপি দ্রষ্টব্য।

৭৮৬-৮৯। ৫৩-৫৪ সংখ্যক রচনা 'কল্পনা' কাব্যে পূর্বাপর সুর-তালের-উল্লেখ-সহ মুদ্রিত। ৫৪-সংখ্যক গানের সূচনা শ্রীমতী ইন্দিরাদেবীর স্মৃতি-অনুযায়ী এইরূপ—

I গা গা -া । গা গা -া । গা -া গা ।
কি সে র্ ত রে ০ অ শ্ ত্রু

। মা মা -গা I রা রা -গা । -া সা সা ।
ঝ রে ০ কি সে ০ র্ ত রে

। রা -া রা । রা -া -গা I সা -গা -রা ।
দী র্ ঘ শ্বা ০ স্ ব ০ ন্

। গা -া -া । -া -া -া । -া -া -মা I
ধু ০ ০ ০ ০ ০ ০ ০ ০

৭৮৯।৫৫ 'কল্পনা'র এই কবিতাটি সুর-তালের-উল্লেখ-সহ সংশোধিত 'গান' (১৯০৯) গ্রন্থে সংকলিত। দ্রষ্টব্য পৃ ৯৫৯, পাদটীকা ৩।

৭৯০।৫৬ 'বিনি পয়সার ভোজ' (ব্যঙ্গকৌতুক : ১৯০৭) কৌতুকনাট্যের অন্তর্গত, 'সাধনা'য় ১৩০০ সালের পৌষে মুদ্রিত।

৭৯০-৯৪। ৫৭-৭৫ সংখ্যা। প্রধানতঃ 'চিরকুমার সভা' হইতে সংকলিত এই ১৯টি গান (ক্ষুদ্রার্থে গীতিকাও বলা চলে) উক্ত নাটকে স্বভাবকবি অক্ষয়কুমার যত্রতত্র ললিতে কেদারায় ভৈরবীতে গাহিয়া উঠেন। বন্ধুদের আক্ষেপ, গানগুলি শেষ করা হয় না কেন। অক্ষয়ের জবাব—

সখা, শেষ করা কি ভালো?
তেল ফুরোবার আগেই আমি
নিবিয়ে দেব আলো।

—প্রজাপতির নির্বন্ধ

অথবা পুরবালাকে যে কথায় ভুলাইয়াছেন—

তুমি জান আমার গাছে
ফল কেন না ফলে,
যেমনি ফুলটি ফুটে ওঠে
আনি চরণতলে।

—চিরকুমারসভা

কাজেই অক্ষয়ের গানের এই অজস্রতাতেই খুশি থাকিয়া, গানগুলি চার তুকে সম্পূর্ণ হইল না যে তাহার ক্ষুণ্ণতা, শুধু বন্ধুজনকে নয়, সাধারণকেও মানিয়া লইতে হয়।

বলা প্রয়োজন যে, 'চিরকুমারসভা' সংলাপপ্রধান উপন্যাসের আকারে 'ভারতী' পত্রিকার ১৩০৭ বৈশাখ-কার্তিক পৌষ-চৈত্র এবং ১৩০৮ বৈশাখ-জ্যৈষ্ঠ সংখ্যায় প্রথম প্রকাশিত। পরে, হিতবাদী-কর্তৃক প্রচারিত 'রবীন্দ্র-গ্রন্থাবলী'তে (১৩১১) 'রঙ্গচিত্র' বিভাগে স্থান পায়। অতঃপর, উহা 'প্রজাপতির নির্বন্ধ' নামে ইণ্ডিয়ান প্রেস -কর্তৃক প্রকাশিত গদ্যগ্রন্থাবলীর অষ্টম ভাগ রূপে (১৩১৪) প্রকাশিত হয়। গ্রন্থে কোনো কোনো অংশ পরিবর্তন করিয়া, কোনো কোনো অংশ নূতন যোগ করিয়া, রবীন্দ্রনাথ বাংলা ১৩৩১ সালের চৈত্রে বা পরবর্তী বৈশাখে 'চিরকুমারসভা' নাম দিয়াই যে নাটক লিখিয়া দেন তাহা ১৩৩২ সালে বহুদিন ধরিয়া (প্রথম অভিনয় ২ শ্রাবণ তারিখে) সাধারণ রঙ্গমঞ্চে বিশেষ

সাফল্যের সহিত অভিনীত হয়। বর্তমান গ্রন্থে উল্লিখিত সমুদয় সংস্করণ দেখিয়াই গানগুলি সংকলন করা হইয়াছে।

৭৯৪।৭৬ মনোমন্দিরসুন্দরী ॥ ইহাও 'চিরকুমারসভা'য় অক্ষয়কুমারের গান। ১৩২১ সালের 'গান' অবধি ইহার যে রূপ ছিল তাহাতে কতকগুলি নূতন ছত্র যোগ করিয়া বর্তমান পাঠটি ১৩২৭ সালে 'গান' গ্রন্থের নূতন সংস্করণে মুদ্রিত হয়। প্রচলিত 'চিরকুমারসভা'তেও এই পাঠই আছে।

৭৯৪।৭৭ 'শিশু' কাব্যে (কাব্যগ্রন্থ : দশম ভাগ : ১৩১০) যে কবিতা আছে এই রচনা তাহারই সংক্ষিপ্ত রূপ। বাংলা ১৩৩৮ সালের 'গীতোৎসব' (২৮, ২৯, ৩১ ভাদ্র ও ১ আশ্বিন) উপলক্ষ্যে কবি ইহাতে সুর দেন ও বালক-নটের নৃত্য-সহযোগে তাহারই রূপ দেন।

৭৯৫।৭৮ শারদোৎসব (১৩১৫) হইতে সংকলিত।

৭৯৫-৯৬। ৭৯, ৮০, ৮২ ও ৮৪ সংখ্যা। 'প্রায়শ্চিত্ত' নাটক (১৩১৬) হইতে গৃহীত।

৭৯৬।৮৩ ১৩১২ জ্যৈষ্ঠের 'সঙ্গীতপ্রকাশিকা'য় (পৃ ১৯৭) 'বৌঠাকুরাণীর হাট' উপন্যাসের রূপান্তর স্বরূপ 'রাজা বসন্ত রায়'এর এই গানটি, 'শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর' নামাঙ্কিত হইয়া স্বরলিপি-সহ প্রকাশিত হইয়াছিল। ১১. ৬. ১৯৫৩ তারিখের একখানি চিঠিতে শ্রীহেমেন্দ্রপ্রসাদ ঘোষ মহাশয় আমাদের জানাইয়াছেন, রাধারমণ করের আগ্রহে ও দ্বিপেন্দ্রনাথ ঠাকুরের সম্মতিতে কেদারনাথ চৌধুরী 'বৌঠাকুরানীর হাট'এর এই নাট্যরূপ প্রণয়ন করেন। ঠিক কোন্ সময়ে জানা যায় নাই; তবে, ১৮৮৭ খৃস্টাব্দে (বাংলা ১২৯৪ ?) উপন্যাসটির দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইবার পূর্বে, ইহাতে সন্দেহ নাই। কারণ, উক্ত দ্বিতীয় সংস্করণের আখ্যাপত্রে উপন্যাসের নামের সঙ্গে সঙ্গে— (রাজা বসন্ত রায়)। | উপন্যাস। | এরূপ মুদ্রিত আছে। এই নাটক যে বহুকাল চলিয়াছিল, সেই প্রসঙ্গে ১৩০২ জ্যৈষ্ঠের 'অনুশীলন ও পুরোহিত' মাসিকপত্র হইতে (পৃ ৮৯) কয়েকটি বাক্যাংশ উদ্ধার করা যাইতে পারে—

··· এমারেল্ডে··· "রাজা বসন্ত রায়ের" অভিনয় বরাবর উত্তমই হইয়া থাকে।··· বসন্ত রায় সাজিয়াছিলেন বাবু পূর্ণচন্দ্র ঘোষ [পূনি ঘোষ]। বহু পূর্ব্বের অভিনেতা বাবু রাধামাধব করের [মাধু-কর] অভিনয় যাঁহারা [যেমন অক্ষয়চন্দ্র সরকার] অবলোকন করিয়াছেন·· ইত্যাদি

৭৯৬। ৮১ ও ৮৫ -সংখ্যক গান 'ভারতী' মাসিক পত্রিকায় প্রকাশিত 'বৌঠাকুরানীর হাট'এর অঙ্গীভূত; যথাক্রমে ১২৮৮ মাঘ ও ১২৮৯ আশ্বিনে মুদ্রিত।

৭৯৭।৮৬ 'বৌঠাকুরানীর হাট' হইতে গৃহীত।

এই প্রসঙ্গে বলা বাহুল্য হইবে না যে, 'বৌঠাকুরানীর হাট' ১২৮৮ কার্তিক হইতে ১২৮৯ আশ্বিন পর্যন্ত ধারাবাহিক ভাবে 'ভারতী'তে মুদ্রিত হওয়ার পরে ওই বৎসরেই (১৮০৪ শক) গ্রন্থাকারে প্রকাশিত হয়। 'প্রায়শ্চিত্ত' নাটকখানি 'বৌঠাকুরানীর হাট' গল্পেরই বিষয়বস্তু লইয়া রচিত। উহার বিজ্ঞাপনে রবীন্দ্রনাথ লিখিয়াছেন, 'মূল উপন্যাসখানির অনেক পরিবর্তন হওয়াতে এই নাটকটি প্রায় নূতন গ্রন্থের মতই হইয়াছে।'

পূর্বালোচিত 'রাজা বসন্ত রায়' অন্যে প্রস্তুত করিয়াছিলেন; তাহা জনপ্রিয়ও হইয়াছিল; বহু বৎসর পরে উপন্যাসটির সার্থক রূপান্তর ঘটাইবার ইচ্ছার পিছনে সেই স্মৃতিও রবীন্দ্রনাথের মনে ছিল, ইহা অনুমান করা যায়।

৭৯৫-৯৭। ৮০-৮৬ সব গানই কবি উপন্যাস বা নাটকের অন্যতম পাত্র বসন্ত-রায়ের কণ্ঠে দিয়াছেন।

৭৯৭।৮৭ 'রাজা' (পৌষ ১৩১৭) নাটক হইতে গৃহীত।

৭৯৭।৮৮ 'অচলায়তন' (প্রবাসী: আশ্বিন ১৩১৮) নাটক হইতে গৃহীত।

৭৯৮।৮৯ 'ফাল্গুনী' (সবুজ পত্র: চৈত্র ১৩২১) হইতে সংকলিত।

৭৯৮।৯০ 'চতুরঙ্গ' (সবুজপত্র: ১৩২১। গানটি পৌষ মাসে প্রকাশিত) হইতে সংকলিত।

৭৯৮-৯৯। ৯১-৯৪ সংখ্যা 'ঘরে-বাইরে' উপন্যাস হইতে। তন্মধ্যে ৯১-৯২

সংখ্যক গান ১৩২২ সবুজপত্রের কার্তিক সংখ্যায়, ৯৩-সংখ্যক অগ্রহায়ণে এবং ৯৪-সংখ্যক পৌষে প্রথম প্রচার লাভ করে।

৭৯৯।৯৫ 'মুক্তধারা'র এই গানটি 'প্রায়শ্চিত্ত' নাটকের 'আমি ফিরব না রে, ফিরব না আর' গানের রূপান্তর বলা যাইতে পারে।

৮০০।৯৬ 'মুক্তধারা' (প্রবাসী : বৈশাখ ১৩২৯) নাটকে ধনঞ্জয় বৈরাগীর গান। এই চরিত্র 'প্রায়শ্চিত্ত' নাটকেও আছে।

৮০০-৮০১। ৯৭-১০০ -সংখ্যক গান রবীন্দ্রসদনে সংরক্ষিত বিভিন্ন পাণ্ডুলিপি হইতে শ্রীশোভনলাল গঙ্গোপাধ্যায় সংকলন করেন ; এগুলি 'রক্ত-করবী' নাটকের উদ্দেশে রচিত হইলেও পরে ব্যবহৃত হয় নাই। ৯৭-৯৮ -সংখ্যক গানে সুরের উল্লেখ ছিল। ১০০ -সংখ্যক রচনার সহিত তুলনীয় গান : আমার স্বপন তরীর কে তুই নেয়ে।

৮০১।১০১ 'রক্তকরবী' (প্রবাসী : আশ্বিন ১৩৩১) হইতে।

৮০১।১০২ 'নটীর পূজা' (মাসিক বসুমতী : বৈশাখ ১৩৩৩) হইতে।

৮০২।১০৩ এই গানটি সম্ভবতঃ 'নটীর পূজা' নাটকে ব্যবহারের উদ্দেশে রচিত হইয়াছিল। এ স্থলে প্রথমসংস্করণ গীতবিতানের তৃতীয় খণ্ড (শ্রাবণ ১৩৩৯) হইতে গৃহীত।

৮০২।১০৪ তপতী (ভাদ্র ১৩৩৬) নাটকের উদ্দেশে রচিত হইলেও, ব্যবহৃত হয় নাই। সম্প্রতি রবীন্দ্রসদনের দপ্তর হইতে শ্রীশোভনলাল গঙ্গোপাধ্যায় উদ্ধার করিয়া দিয়াছেন।

৮০২।১০৫ 'গৃহপ্রবেশ' (আশ্বিন ১৩৩২) হইতে।

৮০২-৮০৪। ১০৫-১০৮ -সংখ্যক গান 'শাপমোচন' (কলিকাতায় মহর্ষিভবনে ইহার প্রথমাভিনয়-কাল : ১৫ ও ১৬ পৌষ ১৩৩৮) নৃত্যনাট্যের বিভিন্ন অনুষ্ঠানে গাওয়া হয়। নৃত্য গীত ও কথকতার সম্মিলনে অনুষ্ঠিত কবির এই রচনা বিভিন্ন অভিনয় উপলক্ষ্যে বিভিন্ন রূপ ধারণ করিয়াছিল। এ সম্পর্কে বিশদ তথ্য দ্বাবিংশখণ্ড রবীন্দ্র-রচনাবলীর গ্রন্থপরিচয়ে দ্রষ্টব্য।

৮০৩।১০৬ রচনাকাল : ১৯৩৩ খৃস্টাব্দ।

৮০৩।১০৭ রচনার স্থানকাল : পানদুরা (সিংহল) ২৬ মে ১৯৩৪।

৮০৩।১০৮ 'নহ মাতা, নহ কন্যা, নহ বধূ'— 'উর্বশী' (২৩ অগ্রহায়ণ ১৩০২) কবিতার সংক্ষেপীকৃত ও পরিবর্তিত গীতরূপ। কবির জীবনকালে 'শাপমোচন'এর শেষ অভিনয় শান্তিনিকেতনে, ১৩৪৭ পৌষে। তদুদ্দেশে ১৩৪৭ অগ্রহায়ণে রচিত, গানের এই পাঠ শ্রীশান্তিদেব ঘোষের সৌজন্যে পাওয়া গিয়াছে।

শাপমোচনের বিভিন্ন অভিনয় উপলক্ষ্যে নিম্নলিখিত কথা-অংশগুলিতেও সুর দেওয়া হইয়াছিল—

রাজা অসুন্দরের পরম বেদনায় সুন্দরের আহ্বান। সূর্যরশ্মি কালো মেঘের ললাটে পরায় ইন্দ্রধনু, তার লজ্জাকে সান্ত্বনা দেবার তরে। মর্তের অভিশাপে স্বর্গের করুণা যখন নামে তখনি তো সুন্দরের আবির্ভাব। প্রিয়তমে, সেই করুণাই কি তোমার হৃদয়কে কাল মধুর করে নি॥ ...

রাজা একদিন সইতে পারবে, সইতে পারবে, তোমার আপনার দাক্ষিণ্যে, রসের দাক্ষিণ্যে॥ ...

রানী। তোমার এ কী অনুকম্পা অসুন্দরের তরে, তাহার অর্থ বুঝি নে। ওই শোনো, ওই শোনো উষার কোকিল ডাকে অন্ধকারের মধ্যে, তারে আলোর পরশ লাগে। তেমনি তোমার হোক-না প্রকাশ আমার দিনের মাঝে, আজি সূর্যোদয়ের কালে॥

—রবীন্দ্র-রচনাবলী ২২। শাপমোচন ও গ্রন্থপরিচয়

৮০৩।১০৯ 'চার-অধ্যায়' (অগ্রহায়ণ ১৩৪১) গল্পে ইহার প্রথম দুটি ছত্র আছে। সমগ্র রচনাটি কবির অন্যতম পাণ্ডুলিপি হইতে সংকলিত।

৮০৪।১১০ 'বাঁশরী' (ভারতবর্ষ : কার্তিক-পৌষ ১৩৪০) নাটক হইতে।

৮০৫।১১১ 'মুক্তির উপায়' (অলকা : আশ্বিন ১৩৪৫) নাটক হইতে।

৮০৫।১১২ 'মুক্তির উপায়' হইতে। বলা উচিত, এই নাটক রবীন্দ্রনাথের ওই নামেরই ছোটো গল্পের নাট্যরূপ। লোকসংগীতের অনুকরণে রচিত এই গানটি গল্পেও ছিল (সাধনা : চৈত্র ১২৯৮)।

৮০৫-৮০৭। ১১৩-১২০ সংখ্যা। গল্পগুচ্ছের 'একটা আষাঢ়ে গল্প' (সাধনা :

আষাঢ় ১২৯৯) নাট্যীকৃত হইয়া 'তাসের দেশ' রূপ লয় (ভাদ্র ১৩৪০)। এই গানগুলি উক্ত নাটকেরই পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ (মাঘ ১৩৪৫) হইতে সংকলিত।

৮০৭-৮০৯। ১২১-১২৬ সংখ্যা। প্রচলিত 'ডাকঘর' নাটকে গান নাই। কবি ১৩৪৬ সালে কতকগুলি গান যোগ করিয়া ইহাকে নূতন রূপ দিতে প্রবৃত্ত হন। বর্তমান ছয়টি গান, তাহা ছাড়া—

৮৬৪।১৩ 'সমুখে শান্তিপারাবার' ডাকঘরের জন্য লেখা এরূপ জানা যায়।

বহুদিন মহলা চলিয়াছিল; গানগুলি অধিকাংশই ঠাকুর্দার ভূমিকায় কবি নিজে গাহিতেন। কবির ভগ্ন স্বাস্থ্যের উপর অধিক পীড়নের শঙ্কায়, শেষ-পর্যন্ত তাঁহাকে এই 'ডাকঘর'-অভিনয়ের উদ্যম হইতে নিবৃত্ত করা হয়।

প্রসঙ্গক্রমে উল্লেখ করা যাইতে পারে ১৯১৭ অক্টোবরে জোড়াসাঁকোর 'বিচিত্রা' সদনে ডাকঘরের যে অভিনয় হয় তাহার প্রযোজনাতেও কয়েকটি গান ছিল। 'আমি চঞ্চল হে' 'গ্রামছাড়া ঐ রাঙা মাটির পথ' এবং 'বেলা গেল তোমার পথ চেয়ে' এই তিনটি গানের উল্লেখ দেখা যায় শ্রীমতী সীতাদেবী -প্রণীত 'পুণ্য-স্মৃতি' গ্রন্থে (১৩৪৯ শ্রাবণ, পৃ ২৫৮-৬০)। (শেষ দুটি গান রবীন্দ্রনাথ গাহিয়াছিলেন এবং তিনি ঠাকুর্দার ভূমিকাতে নামিয়াছিলেন এরূপ জানা যায়।) ১৯১৭ ডিসেম্বরের শেষে ও ১৯১৮ জানুয়ারির প্রথমে ডাকঘরের পুনরভিনয় হইয়াছিল মনে হয়। কারণ, ১৯১৭ খৃস্টাব্দের ২৬, ২৮, ২৯ ডিসেম্বর তারিখে কলিকাতায় ভারতের জাতীয় কংগ্রেসের বার্ষিক অধিবেশনে হয়; জানা যায় ঐ সময়ে লোকমান্য টিলক, মিসেস বেসান্ট্, গান্ধীজি, মালবীয়জি প্রভৃতি নেতৃবৃন্দকে আমন্ত্রণ করিয়া একদিন বিশেষ অভিনয়ের ব্যবস্থা হইয়াছিল। তদুপলক্ষ্যে মুদ্রিত বা পরে পুনর্মুদ্রিত ৪ জানুয়ারি ১৯১৮ তারিখের ইংরেজি অনুষ্ঠানপত্রে জানা যায় যে, 'ভেঙে মোর ঘরের চাবি নিয়ে যাবি কে আমারে' গানটি এই অভিনয়ে গাওয়া হয়। ইংরাজি অনুষ্ঠানপত্রে আরও জানি, ঠাকুর্দাই (রবীন্দ্রনাথ)

কথনো ভিক্ষুক কথনো প্রহরী আর কথনো ফকির সাজিয়াছেন।

৮১৩-২১। ১-১৬ সংখ্যা ॥ জাতীয় সংগীত ॥

৮১৩-১৪। ১ ও ২ সংখ্যা। 'জাতীয় সংগীত' (১৮৭৮ খৃস্টাব্দ) গ্রন্থ হইতে সংকলিত। এ সম্পর্কে ১৩৪৬ সালের 'শনিবারের চিঠি'র অগ্রহায়ণ (পৃ ৩১৫-১৭) ও কার্তিক (পৃ ১৫২-৫৩) সংখ্যায় মুদ্রিত 'রবীন্দ্ররচনাপঞ্জী' দ্রষ্টব্য। 'অয়ি বিষাদিনী বীণা' (২) ১৮৭৭ খৃস্টাব্দে 'হিন্দুমেলা'য় পঠিত (অথবা গীত ?) হইয়াছিল, এরূপ অনুমিত হইয়াছে ; দুর্গাদাস লাহিড়ী -কর্তৃক সম্পাদিত 'বাঙ্গালীর গান' গ্রন্থে (বঙ্গবাসী : আশ্বিন ১৩১২) ইহা রবীন্দ্রনাথের নামেই স্বর-তালের-উল্লেখ-সহ মুদ্রিত আছে।

৮১৪-১৬। ৩-৬ -সংখ্যক গান 'রবিচ্ছায়া'য় মুদ্রিত। বিশেষ কথা এই—

৮১৬।৫ -সংখ্যক গানের 'বীণাবাদিনী'তে মুদ্রিত পাঠই গৃহীত হইয়াছে।

৮১৬-১৭।৭ 'এক সূত্রে বাঁধিয়াছি সহস্রটি মন' ১২৮৬ সালে (১৮০১ শকে) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের 'পুরুবিক্রম নাটক'এর দ্বিতীয় সংস্করণে প্রথম মুদ্রিত এবং জ্যোতিরিন্দ্রনাথ-সম্পাদিত 'সঙ্গীতপ্রকাশিকা'র ১৩১২ অগ্রহায়ণ-সংখ্যায় স্বরলিপি-সহ রবীন্দ্রনাথের রচনা -রূপে পুনর্মুদ্রিত। এই পাঠে 'বন্দে মাতরম্' ধুয়াটি নূতন দেখা যায় ; গীতবিতানে অনুরূপ ছাপা হইয়াছে।

'জীবনস্মৃতি'র 'স্বাদেশিকতা' অধ্যায়ে যেখানে রবীন্দ্রনাথ 'হিন্দুমেলা' ও 'স্বাদেশিকের সভা'[২] সম্বন্ধে লিখিয়াছেন সেখানে প্রসঙ্গক্রমে এই গানের প্রথম-দ্বিতীয় ছত্র উদ্‌ধৃত হইয়াছে দেখা যায়। কিন্তু আশ্চর্যের বিষয়, রবীন্দ্রনাথের কোনো কাব্যগ্রন্থে এই গানটি এপর্যন্ত মুদ্রিত হয় নাই ; 'জীবনস্মৃতি' গ্রন্থেও রচয়িতা

[২] ইহা স্বদেশভক্তদের একরূপ গুপ্তসভা ছিল। রাজনারায়ণ বসুও সভ্য ছিলেন ; 'জ্যোতিরিন্দ্রনাথের জীবনস্মৃতি' হইতে জানা যায় ইহার নাম ছিল 'সঞ্জীবনী সভা' ; সভার সাংকেতিক ভাষায় বলা হইত 'হাম্‌চূপামূহাফ্'।

কে সে সম্বন্ধে কোনো কথাই নাই। অথচ, 'বাল্মীকিপ্রতিভা' গীতিনাট্যে 'এক ডোরে বাঁধা আছি মোরা সকলে' (পৃ ৬৩৬ গানটির প্রথম ছত্রেই ইহার ভাবের ও ভাষার আশ্চর্য প্রতিধ্বনি আছে, দুটি গানের সুরও অভিন্ন।

'ভারতী ও বালক' পত্রের ১২৯৬ কার্তিক-সংখ্যায়, ৩৬৫ পৃষ্ঠায়, 'স্নেহলতা' গল্পে[৩] 'সঞ্জীবনী' সভার মতোই একটি সভার বর্ণনায় এই গানটি আছে—

এক সূত্রে গাঁথিলাম সহস্র জীবন
জীবন মরণে রব শপথ বন্ধন
ভারত মাতার তরে সঁপিনু এ প্রাণ
সাক্ষী পুণ্য তরবারি সাক্ষী ভগবান
প্রাণ খুলে আনন্দেতে গাও জয় গান
সহায় আছেন ধর্ম্ম কারে আর ভয়।

গীতবিতানে-সংকলিত রচনার সহিত ভাবে ও ভাষায় ইহার কতটা সাদৃশ্য তাহা ছাড়াও লক্ষ্য করিবার বিষয় যে উক্ত কাহিনী-অনুসারে গানটির রচয়িতা 'চারু এখন ষোড়শবর্ষীয় বালক' অথচ বন্ধুপরিজনপ্রশংসিত কবি, তাহাকে 'গুপ্তসভার মেম্বর করিয়াছে— সেখানকার সে Poet Laureate', এবং 'যখন সকলে একসঙ্গে ইহা [সংকলিত গানটি] গাহিয়া উঠিল, চারুর আপনাকে সেক্‌স্‌পিয়ারের সমকক্ষ বলিয়া মনে হইতে লাগিল।' উল্লিখিত 'সঞ্জীবনী সভা'র সহিত রবীন্দ্রনাথের যোগ, সেই মণ্ডলীতে কবি হিসাবে তাঁহার সমাদর, তাঁহার তখনকার বয়স এবং কৈশোরোচিত উৎসাহ, এমন-কি 'জীবনস্মৃতি'তে বর্ণিত (স্বাদেশিকতা অধ্যায় : শেষ অংশ) বৃদ্ধ রাজনারায়ণবাবু আর তরুণ সকল সভ্য মিলিয়া সমবেত গান গাওয়ার দৃশ্য— স্নেহশীলা

[৩] লেখিকা স্বর্ণকুমারী দেবী। 'স্নেহলতা' দুই খণ্ডে গ্রন্থ-আকারেও বাহির হয়।

ভগিনী স্বর্ণকুমারী দেবী গল্পচ্ছলে প্রায় সব কথাই বলিয়াছেন ও সবটারই একটি বাস্তব ছবি আঁকিয়াছেন দেখা যায়।

'রবীন্দ্রগ্রন্থপরিচয়' (প্রথম সংস্করণ: পৌষ ১৩৪৯) গ্রন্থে ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বলেন, 'গানটি যে রবীন্দ্রনাথেরই রচনা, ইহা আমরা কবির নিজের মুখেই শুনিয়াছি'।

শ্রীশান্তিদেব ঘোষের সাক্ষ্যও অনুরূপ।[৪]

৮১০।৮ ১২৮৪ আশ্বিনের ভারতীতে মুদ্রিত ও 'রবিচ্ছায়া'য় সংকলিত।

৮১৭-১৮। ৯-১১ -সংখ্যক রচনা 'গানের বহি'তে মুদ্রিত আছে।

৮১৯।১২ 'কে এসে যায় ফিরে ফিরে' 'কল্পনা' হইতে; রচনা: ১৩০৪।

৮১৯-২১। ১৩-১৪ -সংখ্যক গান ১৩১০ সালের 'কাব্যগ্রন্থ' অষ্টম ভাগে প্রথম সংকলিত হয়।

৮২১।১৫ 'ওরে ভাই, মিথ্যা ভেবো না' 'সঙ্গীতপ্রকাশিকা'র ১৩১২ পৌষ -সংখ্যায় স্বরলিপি-সহ প্রকাশিত। তৎপূর্বে ইহা 'ভাণ্ডার'এর কার্তিক-সংখ্যায় মুদ্রিত হইয়াছিল।

৮২১।১৬ 'আজ সবাই জুটে আসুক ছুটে' কবির অন্যতম পাণ্ডুলিপি হইতে সংকলিত। রচনা: ২৭ আশ্বিন [১৩১২]।

৮২৫-৫৬। ১-৮২ সংখ্যা ॥ পূজা ও প্রার্থনা ॥

৮২৫।১ শক ১৭৯৬ ফাল্গুনের (১২৮১) 'তত্ত্ববোধিনী পত্রিকা' হইতে; তখন কবির বয়ঃক্রম চতুর্দশ বৎসর। ইহা গুরু নানকের বহুখ্যাত একটি ভজনের প্রথমাংশের ভাষান্তর; মূল গান পরে দেওয়া গেল। ('ব্রহ্মসঙ্গীত' গ্রন্থে, সংকলিত এই ছয় ছত্রেরও অতিরিক্ত বারো ছত্র দেখা যায়)—

জয়জয়ন্তী। তেওরা

গগনময়্ থাল, রবি চন্দ্র দীপক বনে,
তারকা-মণ্ডলা জনক মোতি।
ধূপ মলয়ানিলো, পবন চবঁরো করে,
সকল বনরাই ফুলন্ত জ্যোতি।

৪ রবীন্দ্রনাথের একটি গান: দেশ: ২৬ চৈত্র ১৩৫০।২৫৭ পৃ

ক্যয়্সী আরতি হোয়ে ভয়খণ্ডনা তেরী আরতি,
অনাহত শব্দ বাজন্ত ভেরী ।[৫]

—ব্রহ্মসঙ্গীত

বাংলা গানের রচয়িতা সম্পর্কে পূর্বে নানা সংশয় থাকিলেও, কবির জীবদ্দশায় 'রবীন্দ্র-রচনাপঞ্জী'তে লেখা হয়—

আদি ব্রাহ্মসমাজ হইতে প্রকাশিত 'ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি' (দ্বিতীয় ভাগ) পুস্তকে ইহা জ্যোতিরিন্দ্রনাথের নামে বাহির হইয়াছে; রবীন্দ্রনাথ মনে করেন, এটি তাঁহার রচনা।

—শনিবারের চিঠি ১০।১৩৪৬।৫৯০

৮২৫।২ 'প্রবাসী' (১৩২০ চৈত্র) হইতে। অমৃতসর-গুরুদরবারে-প্রচলিত ভজনের অনুস্মৃতি। মূল গান[৬] নিম্নে দেওয়া গেল—

সিন্ধুড়া-তেতালা

এ হরি সুন্দর, এ হরি সুন্দর!
তেরো চরণপর সির নাবেঁ।
সেবক জনকে সেব সেব পর,
প্রেমী জনাঁকে প্রেম প্রেম পর,
দুঃখী জনাঁকে বেদন বেদন,
সুখী জনাঁকে আনন্দ এ।
বনা-বনামেঁ সাঁবল সাঁবল,
গিরি-গিরিমেঁ উন্নিত উন্নিত,
সলিতা-সলিতা চঞ্চল চঞ্চল,
সাগর-সাগর গম্ভীর এ।
চন্দ্র সূরজ বরৈ নিরমল দীপা,
তেরো জগমন্দির উজার এ।

—ব্রহ্মসঙ্গীত

[৫] 'শত গান' গ্রন্থে ঈষৎ ভিন্ন পাঠ ও স্বরলিপি আছে। সে স্থলে 'তেওরা'র পরিবর্তে 'ঝাঁপতাল' এই নির্দেশ আছে।

[৬] প্রবাসী'তে ঈষৎ ভিন্ন পাঠ আছে।

৮২৫-৩৮। ৩-৩৬ সংখ্যা। 'রবিচ্ছায়া' হইতে সংকলিত। অধিকাংশই বাংলা ১২৮৭ সাল বা ১৮০২ শক (কবির বয়ঃক্রম ২০ বৎসর) হইতে নিম্নলিখিতক্রমে 'তত্ত্ববোধিনী পত্রিকা'য় প্রকাশিত হইয়াছিল—

৩-৬, ১২	ফাল্গুন ১৮০২ শক
৭-১০	ফাল্গুন ১৮০৪
১১, ১৩	জ্যৈষ্ঠ ১৮০৫
১৪-১৮	ফাল্গুন ১৮০৫
১৯-২০	জ্যৈষ্ঠ ১৮০৬
২১	ভাদ্র ১৮০৬
৩৬	কার্তিক ১৮০৬
২২-২৩ ও ২৬	অগ্রহায়ণ ১৮০৬
২৪-২৫ ও ২৭-৩৪	ফাল্গুন ১৮০৬
৩৫	বৈশাখ ১৮০৭

৮৩৮-৩৯। ৩৭-৩৮ সংখ্যা। 'রাজর্ষি' (১২৯৩) উপন্যাসে বালক ধ্রুবের গান। 'হরি তোমায় ডাকি' (৩৭) গানের 'বালক' পত্রে (১২৯২ ভাদ্র) প্রকাশিত বা 'রাজর্ষি'তে মুদ্রিত পাঠ ঈষৎ ভিন্ন; বহু ব্রহ্মসংগীতসংকলনে যে পাঠ দেখা যায় এ স্থলে তাহাই গৃহীত। 'আমায় ছজনায় মিলে' (৩৮) 'তত্ত্ববোধিনী পত্রিকা'য় ফাল্গুন ১৮০৮ শকে প্রকাশিত।

৮৩৯-৪৩। ৩৯-৫৩ সংখ্যা। ৪৭-সংখ্যক গানটি গীতবিতানের প্রথম সংস্করণ হইতে। তদ্‌ব্যতীত সবই 'গানের বহি' গ্রন্থে মুদ্রিত। 'তত্ত্ববোধিনী পত্রিকা'য় প্রকাশ—

৪১	ফাল্গুন ১৮০৭ শক
৪২-৪৩	চৈত্র ১৮০৭
৪৪-৪৫	বৈশাখ ১৮০৮
৪৬-৫১	ফাল্গুন ১৮০৮
৫২	ফাল্গুন ১৮০৯
৫৩	ফাল্গুন ১৮১৪

৮৪৩-৪৪।৫৪-৫৬ 'কাব্যগ্রন্থাবলী'তে (১৩০৩) মুদ্রিত। শেষোক্ত গান (মহাবিশ্বে মহাকাশে ইত্যাদি) সম্পর্কে বক্তব্য এই যে, ইহা প্রচলিত গীতবিতান গ্রন্থের ১৪০ পৃষ্ঠায় মুদ্রিত পাঠান্তরের সহিত অবিরোধে ১৩১০ সালের কাব্যগ্রন্থে বা ১৯০৮ ও ১৯০৯ খৃস্টাব্দের 'গান' গ্রন্থে মুদ্রিত ছিল; পরবর্তী গীতসংকলনগুলি হইতে ভ্রষ্ট। ইহার জ্যোতিরিন্দ্রনাথ-কৃত স্বরলিপি বিশ্বভারতী পত্রিকায় মুদ্রিত হইয়াছে।

৮৪৫।৫৭ স্বরলিপিযুক্ত রবীন্দ্র-পাণ্ডুলিপিতে ও 'বীণাবাদিনী'র ১৩০৫ ভাদ্র সংখ্যায় পাওয়া যায়।

৮৪৭-৫০। ৫৮-৬৯-সংখ্যক রচনা 'কাব্যগ্রন্থ' (১৩১০) হইতে গৃহীত। ৬৩-৬৫ ও ৬৭-৬৯-সংখ্যক গান আখর-বিহীন ভাবে গীতবিতান গ্রন্থের প্রথম খণ্ডেই মুদ্রিত আছে।

৮৪৮।৬৭ 'নয়ন তোমারে পায় না দেখিতে' গানের আখর-বিহীন পাঠ অন্যত্র সংকলিত। এই গানের প্রসঙ্গে কবি বলেন—

পূর্বেই বলিয়াছি একদিন আমার রচিত দুইটি পারমার্থিক কবিতা শ্রীকণ্ঠবাবুর নিকট শুনিয়া পিতৃদেব হাসিয়াছিলেন। তাহার পরে বড়ো বয়সে আর-একদিন আমি তাহার শোধ লইতে পারিয়াছিলাম। সেই কথাটা এখানে উল্লেখ করিতে ইচ্ছা করি।

একবার মাঘোৎসবে [মাঘ ১২৯৩] সকালে ও বিকালে আমি অনেকগুলি গান তৈরি করিয়াছিলাম। তাহার মধ্যে একটা গান— 'নয়ন তোমারে পায় না দেখিতে, রয়েছ নয়নে নয়নে।'

পিতা তখন চুঁচুড়ায় ছিলেন। সেখানে আমার এবং জ্যোতিদাদার ডাক পড়িল। হারমোনিয়ামে জ্যোতিদাদাকে বসাইয়া আমাকে তিনি নূতন গান সব-ক'টি একে একে গাহিতে বলিলেন। কোনো কোনো গান দুবারও গাহিতে হইল।

গান গাওয়া যখন শেষ হইল তখন তিনি বলিলেন, 'দেশের রাজা যদি দেশের ভাষা জানিত ও সাহিত্যের আদর বুঝিত, তবে কবিকে তো তাহারা পুরস্কার দিত। রাজার দিক হইতে

যখন তাহার কোনো সম্ভাবনা নাই তখন আমাকেই সে কাজ করিতে হইবে।' এই বলিয়া তিনি একখানি পাঁচ-শ টাকার চেক আমার হাতে দিলেন।

—জীবনস্মৃতি। হিমালয়যাত্রা

৮৫১।৭০ ইহা কবির কোনো গ্রন্থে মুদ্রিত হয় নাই। 'সমালোচনী' পত্রিকায় প্রকাশ : মাঘ-ফাল্গুন ১৩০৮।

৮৫১।৭১ 'বসুধা' মাসিক পত্রিকায় প্রকাশ : কার্তিক ১৩১২। রবীন্দ্রসদনের পাণ্ডুলিপি-বিচারে মনে হয় ১৩১২ আশ্বিনেই রচিত।

৮৫১-৫২।৭২ 'গীতাঞ্জলি' হইতে। রচনা : ২৬ আষাঢ় ১৩১৭।

৮৫২-৫৩।৭৩-৭৪ শান্তিনিকেতন-আশ্রমের অন্যতম উৎসব-অনুষ্ঠানে গাওয়া হয় : ২৫ বৈশাখ ১৩৩২। এ দুটি যে গান তাহা শ্রীঅনাদিকুমার দস্তিদারের সাক্ষ্যে ও সৌজন্যে জানা গিয়াছে। 'গীতাঞ্জলি'-অনুযায়ী এই দুটির রচনাকাল যথাক্রমে ১৬ এবং ২৫ আশ্বিন ১৩২১।

৮৫৩।৭৫ বাউল সুরের নির্দেশ-সহ 'প্রবাসী' পত্রিকায় ইহার প্রকাশ : মাঘ ১৩২৪। 'গীতপঞ্চাশিকা'য় (আশ্বিন ১৩২৫) রচনাটি থাকিলেও স্বরলিপি নাই।

৮৫৩-৫৪।৭৬ রবীন্দ্রনামাঙ্কিত গ্রন্থে এ রচনাটির প্রথম সাক্ষাৎ পাই 'নবগীতিকা'র (১৩২৯) দ্বিতীয় খণ্ডে।

৮৫৪।৭৭-৭৮ 'শান্তিনিকেতন' পত্রিকায় প্রকাশ : ফাল্গুন ১৩২৯।

৮৫৫।৭৯ ইহার নানারূপ পাঠ কাব্যে নাটকে অনুষ্ঠানপত্রে ও স্বরলিপি-গ্রন্থে মুদ্রিত। তন্মধ্যে দুই-একটি 'পাঠ' মুদ্রণপ্রমাদ মাত্র। বর্তমান পাঠ সম্পূর্ণতঃ 'প্রবাহিণী' গ্রন্থের অনুরূপ। এই গান ১৩৩০ ভাদ্রে 'বিসর্জন' নাটকের অভিনয়ে গাওয়া হইয়াছিল।

৮৫৫।৮০-৮১ এই দুটি হিন্দিভাঙা গান অন্যতম রবীন্দ্র-পাণ্ডুলিপিতে 'আদর্শ'-সহ পাওয়া গিয়াছে। উক্ত পাণ্ডুলিপিখানি শ্রীসমীরচন্দ্র মজুমদারের সৌজন্যে দেখিবার সুযোগ হইয়াছে।

৮৫৬।৮২ 'নবীন' গীতাভিনয়ের (চৈত্র ১৩৩৭) সমসময়ে রচিত এবং শ্রীমতী সাবিত্রীগোবিন্দের গাওয়া গ্রামোফোন রেকর্ড রূপে প্রচারিত।

৮৫৯-৬৬। ১-১৭ সংখ্যা ॥ আনুষ্ঠানিক সংগীত ॥

৮৫৯।১ 'বর্দ্ধমান দুর্ভিক্ষ উপলক্ষে রচিত'। ১২৯২ বৈশাখে প্রকাশিত 'রবিচ্ছায়া' গ্রন্থের সর্বশেষ গান।

৮৫৯।২ 'ভারতীয় সঙ্গীতসমাজ' আচার্য জগদীশচন্দ্রকে সম্বর্ধনা জানাইতে ১৯ মাঘ ১৩০৯ বা ২ ফেব্রুয়ারি ১৯০৩ তারিখে যে সারস্বত সম্মিলনের আয়োজন করেন তদুপলক্ষে রচিত। সম্প্রতি চিঠিপত্রের ষষ্ঠ খণ্ডে পাণ্ডুলিপির প্রতিচিত্র এবং আনুষঙ্গিক বিবরণ (পৃ ২৪৬) -সহ প্রচারিত হইয়াছে।

৮৬০।৩ মাতৃমন্দির-পুণ্য-অঙ্গন ইত্যাদি যে গান গীতবিতানের প্রথম খণ্ডে (স্বদেশ, ১৭ সংখ্যা) মুদ্রিত তাহার বহু পাঠান্তরের মধ্যে এটিকে বিশিষ্ট বলা চলে। ১৯৪০ অগস্টে অক্‌স্‌ফোর্ড্‌ বিশ্ববিদ্যালয় -কর্তৃক শান্তিনিকেতনে রবীন্দ্রনাথকে 'ডক্টর' উপাধি দেওয়া হয়, তদুপলক্ষে রচিত। শ্রীশান্তিদেব ঘোষের 'রবীন্দ্রসংগীত' গ্রন্থ দ্রষ্টব্য।

৮৬০-৬১। ৪ ৬ সংখ্যা। 'রবিচ্ছায়া' হইতে সংকলিত।

৯৬১-৬২।৭-৮ সংখ্যা। শ্রদ্ধেয় কৃষ্ণকুমার মিত্রের কন্যা কুমুদিনী মিত্র (বসু) এবং বাসন্তী মিত্র (চক্রবর্তী) এতদুভয়ের পরিণয়োপলক্ষ্যে রচিত, পরে 'ব্রহ্মসঙ্গীত'এ মুদ্রিত। শ্রীমতী বাসন্তী চক্রবর্তীর পত্রে এই দুই রচনা সম্পর্কে তথ্য পাওয়া গিয়াছে এবং ইহা জানা গিয়াছে, রচনা দুটিতে কবি স্বয়ং সুর দেন নাই, তবে 'তাঁহার অসীম মঙ্গললোক হতে' (৮) রচনায় সাহানা সুর দেওয়া হয় এরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন।

৮৬২-৬৩। ৯-১১ সংখ্যা। কবি শান্তিনিকেতন-আশ্রমে পৌত্রী 'কল্যাণীয়া নন্দিনী'র পরিণয় (১৪ পৌষ ১৩৪৬) উপলক্ষ্যে এই তিনটি গান রচনা করেন। 'প্রেমের মিলনদিনে সত্য সাক্ষী যিনি' (১০) রচনাটির সূচনায় পূর্বতন পাঠ ছিল 'দুজনের মিলনের সত্য সাক্ষী যিনি' ইত্যাদি এবং পরবর্তী 'জীবনের সব কর্ম' ছত্রের পাঠ ছিল 'তোমাদের সব কর্ম' ইত্যাদি।

৮৬৩-৬৪।১২ সংখ্যা। ১২৯৩ সালে 'কড়ি ও কোমল'এ মুদ্রিত এবং উত্তরকালে

'শিশু' কাব্যে সংকলিত 'আশীর্বাদ' কবিতার সূচনাংশ এবং শেষ স্তবক মিলাইয়া এই গানটি ঠিক কোন্ সময়ে রচিত জানা যায় না। তবে সাধারণ ব্রাহ্মসমাজ -কর্তৃক প্রকাশিত 'ব্রহ্মসঙ্গীত'এ সুর-তালের উল্লেখ-সহ বহু বৎসর ধরিয়া (১৩১১ মাঘে প্রকাশিত অষ্টম সংস্করণ দেখা হইয়াছে) মুদ্রিত হইয়া আসিতেছে। কবি স্বয়ং এই গানের সুরকার কিনা তাহা জানা যায় নাই ; তাঁহার জীবদ্দশায় বিশিষ্ট গ্রন্থে বহুলভাবে প্রচারিত হওয়ায় মনে করা অন্যায় হইবে না যে, অন্তত পক্ষে তাঁহার অনুমোদন ছিল। আকর-কবিতার মূল ছত্রগুলি হইতে দু-এক স্থানে সামান্য পাঠান্তর দেখা যায়।

৮৬৪।১৩ ইহার রচনা ৩ ডিসেম্বর ১৯৩৯ তারিখে, নবপরিকল্পিত 'ডাকঘর' নাটকের সর্বশেষ দৃশ্যে 'সুপ্ত' অমলের শিয়রে ঠাকুর্দার গান। উল্লিখিত নাটক শেষ পর্যন্ত মঞ্চস্থ হইতে পারে নাই। শুনা যায় কবি অভিপ্রায় প্রকাশ করেন যে, গানটি তাঁহার দেহত্যাগের পূর্বে যেন প্রচারিত না হয় ; তাঁহার শ্রাদ্ধবাসরে ইহা প্রথম সাধারণসমক্ষে গীত হয়। উল্লিখিত 'ডাকঘর' নাটকের অন্য গান-গুলি এই গ্রন্থের ৮০৭-৮০৯ পৃষ্ঠায় (সংখ্যা ১২১-১২৬) মুদ্রিত।

৮৬৭।১৭ ২৫ ডিসেম্বর ১৯৩৯ তারিখে খৃস্টদিবস-উদ্‌যাপন-উদ্দেশে রচিত, 'প্রবাসী'র ১৩৭৬ মাঘ-সংখ্যায় 'বড়দিন' শিরোনামায় মুদ্রিত।

৮৬৫।১৫ 'অন্ধদের দুঃখলাঘব শিবির প্রতিষ্ঠা উপলক্ষ্যে' কলিকাতায় ২ নভেম্বর ১৯৪০ তারিখে রচিত। 'প্রবাসী'র ১৩৪৭ অগ্রহায়ণ -সংখ্যায় ২৭০ পৃষ্ঠার দ্বিতীয় সম্পাদকীয় মন্তব্যটি দ্রষ্টব্য।

৮৬১।১৬ 'সৌম্য আমাকে বলেছে মানবের জয়গান গেয়ে একটা কবিতা লিখতে।... তাই একটা কবিতা রচনা করেছি, সেটাই হবে নববর্ষের গান।' কবির এবংবিধ উক্তি হইতে জানিতে পারি, শ্রীসৌম্যেন্দ্র-নাথ ঠাকুরের অনুরোধে কবি মানব-সাধারণের অভ্যুত্থান সম্পর্কেই এইটি রচনা করেন ১ বৈশাখ ১৩৪৮ তারিখে। এই রচনা সম্পর্কে অন্যান্য তথ্য এবং পাঠান্তর শ্রীশান্তিদেব ঘোষের 'রবীন্দ্রসংগীত' (প্রচলিত সংস্করণ) গ্রন্থে পাওয়া যাইবে।

৮৬৬।১৭ 'হে নূতন' গান সম্পর্কে পূর্বোক্ত গ্রন্থে শ্রীশান্তিদেব ঘোষ বলেন, 'এই তাঁর জীবনের সর্বশেষ গান।' কবি বহুদিন পূর্বে (২৫ বৈশাখ ১৩২৯) যে কবিতা (পঁচিশে বৈশাখ : পূরবী) লিখিয়াছিলেন তাহারই শেষ দিকের কতকগুলি ছত্র লইয়া, একটু-আধটু পরিবর্তন করিয়া, ইহার রচনা ও সুরযোজনা বাংলা ১৩৪৮ সালের ২৩ বৈশাখ তারিখে; কবির পরবর্তী জন্মদিবসোৎসবে গাওয়া হয়।

৮৬৯-৯১০। ১-১০২ সংখ্যা ॥ প্রেম ও প্রকৃতি ॥

৮৭১-৭৪। ৬-১২ সংখ্যা। 'শৈশবসঙ্গীত' (১২৯১) কাব্যে মুদ্রিত।

৮৬৯-৮৮। ১-৭ এবং ৯-৪৮ সংখ্যক গানগুলি 'রবিচ্ছায়া' (বৈশাখ ১২৯২) গ্রন্থ হইতে সংকলিত।

কবি গ্রন্থের নামকরণে বা 'নিবেদন' উপলক্ষ্যে 'শৈশবসঙ্গীত' অথবা 'বাল্যলীলা' (দ্রষ্টব্য পাদটীকা ১, পৃ ৯৫৭) বলিয়া এই সময়ের গানগুলির প্রকাশে বিশেষ সংকোচ দেখাইয়াছেন। ইহার মধ্যে যেগুলি প্রেমের গান তাহাতে আবার প্রায়শঃই একটি 'নাটকীয়তা'ও দেখা যায়। এখানে সংকলিত প্রথম ও দ্বিতীয় গান ইংরেজির অনুবাদ এবং ৩২-সংখ্যক গান একটি গাথায় ব্যবহৃত হওয়াতে, তাহার কারণ বুঝা যায়; অন্যগুলি যে ঐরূপ কেন তাহা আজও গবেষকগণের অনুসন্ধান-সাপেক্ষ বলা চলে।

আগাম এটুকু বলিতে বাধা নাই যে— 'মানসী' কাব্যে 'ভুলে' 'ভুল-ভাঙা' 'নারীর উক্তি' 'পুরুষের উক্তি' এবং আরও বহু কবিতায় মধুরভাবের সূক্ষ্ম-ঘাত-প্রতিঘাত-ময় যে বিচিত্র প্রকাশ রসোত্তীর্ণ এবং পরম রমণীয়তায় উদ্ভাসিত, তাহারই পূর্বাভাস 'শৈশবসঙ্গীত' ও 'রবিচ্ছায়া'র 'প্রেমের গান'গুলিতে পাওয়া যায়। কতকগুলি বস্তুতঃই মধুররসোপেত গীতিনাট্যে ব্যবহৃত হইয়াছিল বলিয়া জানা যায়, সেরূপ বিশেষ একটি গুচ্ছ পূর্ববর্তী ৭৭৫-৭৮০ পৃষ্ঠায় (গীতসংখ্যা ২১-৩৯) সংকলিত হইয়াছে।

৮৬৯-৭৪। ১-১২ সংখ্যার মধ্যে যেগুলি 'ভারতী' পত্রিকায় মুদ্রিত দেখা যায় মাস ও বর্ষ উল্লেখ-পূর্বক তাহার তালিকা দেওয়া গেল—

৮৬৯।১ ভারতী : কার্তিক ১২৮৬। ইহা Thomas Moore'এর Irish Melodies গ্রন্থের Love's Young Dream কবিতার নিম্ন-সংকলিত প্রথম ও শেষ স্তবকের অনুবাদ—

Oh ! the days are gone, when beauty bright
my heart's chain wove ;
when my dream of life, from morn till night,
was love, still love
New hope may bloom,
and days may come
of milder calmer beam,
but there's nothing half so sweet in life
as love's young dream :
No, there's nothing half so sweet in life
as love's young dream

...

No,— that hallow'd form is ne'er forgot
which first love trac'd ;
still it lingering haunts the greenest spot
on memory's waste.
'Twas odour fled
as soon as shed ;
'twas morning's winged dream ;
'twas a light that ne'er can shine again
on life's dull stream :
Oh ! 'twas light that ne'er can shine again
on life's dull stream.

৮৬৯।২ ভারতী : কার্তিক ১২৮৬। ওয়েল্‌স্‌'এর কবি Talhaiarn'এর ইংরেজি অনুবাদ হইতে অনূদিত।

৮৭০।৩ ভারতী : কার্তিক ১২৮৬।

৮৭০।৪ ভারতী : ফাল্গুন ১২৮৮। 'গানের বহি'র সংক্ষিপ্ত পাঠ লওয়া হইয়াছে।

৮৭০-৭১।৫ ভারতী : ভাদ্র ১২৯১।

৮৭১।৬ ভারতী : অগ্রহায়ণ ১২৮৭।

৮৭১-৭২।৭ ভারতী : কার্তিক ১২৮৫।

৮৭২।৮-৯ ভারতী : আষাঢ় ১২৮৬।

৮৭৩।১১ ভারতী : ফাল্গুন ১২৮৬।

৮৭৪।১২ ভারতী : ফাল্গুন ১২৮৫।

৮৮২।৩০ 'কাব্যগ্রন্থাবলী'তে (১৩০৩) 'ছায়া' (পৃ ৯) শিরোনামে মুদ্রিত ও গান বলিয়া নির্দিষ্ট। উক্ত পাঠে বর্তমান ৭ ছত্রের পরে আরও ১৬ ছত্র আছে। বর্তমান পাঠ মুদ্রিত স্বরলিপি -অনুযায়ী।

৮৮২।৩২ ভারতী : চৈত্র ১২৮৬, পৃ ৫৫৫ : গাথা (খড়্গ-পরিণয়) -শীর্ষক একটি দীর্ঘ কবিতার অন্তর্গত। স্বর্ণকুমারী দেবীর উক্ত কবিতা তাঁহার 'গাথা' কাব্যে সংকলন-কালে মূল কবিতায় প্রয়োজনীয় পরিবর্তন-পূর্বক গানটি বর্জিত হইয়াছে।

৮৮৩।৩৩ শ্রীমতী ইন্দিরাদেবী -কৃত স্বরলিপির অনুসরণে সংক্ষিপ্ত পাঠ সংকলন করিয়া দেওয়া হইয়াছে।

৮৮৮-৮৯।৪৯-৫০ সংখ্যা বাংলা ১৩০০ বৈশাখের 'গানের বহি'তে মুদ্রিত।

৮৮৯-৯০।৫১-৫২ সংখ্যা 'স্বরলিপি-গীতিমালা' (১৩০৪ সাল) হইতে সংকলিত। প্রথমোক্ত গানটি পরবর্তী 'গান' (১৯০৯ খৃস্টাব্দ) গ্রন্থেও দেখা যায়। অন্য গানটি (৫২) জ্যোতিরিন্দ্রনাথের বহুপুরাতন ১২৮৮ সালের 'স্বপ্নময়ী' নাটকেও পাওয়া যায়। রবীন্দ্রনাথের বহু গান ওই নাটকের অঙ্গীভূত রহিয়াছে।

৮৯০।৫৩ এই রচনা মূলতঃ 'মানসী' কাব্যের অন্তর্গত ; রচনাকাল : আষাঢ় ১২৯৪। ১৩২৬ পৌষের 'কাব্যগীতি'তে ইহার স্বরলিপি মুদ্রিত।

৮৯১।৫৪ 'নৃত্যনাট্য মায়ার খেলা'র মহলা উপলক্ষ্যে, 'জীবনে আজ কি প্রথম এল বসন্ত' (পৃ ৬৫৬ ও ৯১৪) গানটিতে বহু পরিবর্তন করিয়া

বর্তমান গানটির রচনা হয় ১৩৪৫ সালে। উক্ত নৃত্যনাট্যের কবি-কর্তৃক সংশোধিত ও সম্পাদিত যে পরবর্তী পাঠ পাওয়া গিয়াছে তাহাতে গৃহীত হয় নাই।

৮৯১-৯২।৫৫ বর্তমান গানটি রচনার উপলক্ষ্যও একই। আরম্ভের চারিটি ছত্র লইয়াই গীতিনাট্য 'মায়ার খেলা'র গান (পৃ ৬৭৩)— শেষ চার ছত্র সম্পূর্ণ নূতন। নৃত্যনাট্যের পরবর্তী পাঠ হইতে পুরা গানটি কবি-কর্তৃক বর্জিত হইয়াছে।

৮৯২।৫৬ মূলতঃ 'সোনার তরী'র অন্তর্গত ; রচনা : ১২ আষাঢ় ১৩০০। মূল কবিতার কেবল প্রথম ও শেষ স্তবক লইয়া রচিত এই পাঠ সংশোধিত 'গান' (১৯০৯ খৃস্টাব্দ) গ্রন্থে পাওয়া যায়।

৮৯৩।৫৭ ১৩০৩ আশ্বিনের 'কাব্যগ্রন্থাবলী'তে 'চিত্রা' কাব্যের অন্তর্গত ; রচনা : ১৩ জ্যৈষ্ঠ [১৩০১]

৮৯৩।৫৮-৫৯ এই দুইটি গান শ্রীমতী ইন্দিরাদেবীর 'গানের বহি'তে রবীন্দ্রনাথের হস্তাক্ষরে পাওয়া গিয়াছে। 'বৃথা গেয়েছি বহু গান' (৫৯) অন্য একটি পাণ্ডুলিপিতেও স্বরের উল্লেখ-সহ পাওয়া যায়।

৮৯৪।৬০ 'তুমি সন্ধ্যার মেঘমালা' গানটির বর্তমান পাঠ 'বীণাবাদিনী'র ১৩০৫ জ্যৈষ্ঠ সংখ্যা হইতে সংকলিত ; ইহা 'কল্পনা'য় ও 'গীত-বিতান'এর পূর্ববর্তী 'প্রেম' অধ্যায়ে মুদ্রিত পাঠ হইতে বহুশঃ ভিন্ন। শ্রীমতী ইন্দিরাদেবীর 'গানের বহি'তে কবির হস্তাক্ষরে এই পাঠই দেখা যায় ; রচনাকাল : ৯ আশ্বিন ১৩০৪।

৮৯৪।৬১ 'বিধি ডাগর আঁখি যদি দিয়েছিল' গানের রচনাকাল : ১০ আশ্বিন ১৩০৪। 'সঙ্গীতপ্রকাশিকা'য় ১৩১২ শ্রাবণে প্রকাশিত এবং পরে ১৯০৯ খৃস্টাব্দের 'গান'এ সংকলিত।

৮৯৫।৬২ শ্রীমতী ইন্দিরাদেবীর 'গানের বহি'তে রবীন্দ্র-হস্তাক্ষরে পাওয়া যায় ; ১০ আশ্বিন ১৩০৪ তারিখে রচিত। ওই বৎসরেই কার্তিক-সংখ্যা 'বীণাবাদিনী'তে কথা ও স্বরলিপি প্রকাশিত।

৮৯৫।৬৩ ইহা 'কার হাতে যে ধরা দেব প্রাণ' (পৃ ৭৯৩) গানের পাঠান্তর ; 'প্রজাপতির নির্বন্ধ' হইতে সংকলিত। ১৩১০ সালের 'কাব্যগ্রন্থ'

অষ্টম ভাগেও দেখা যায়।

৮৯৫।৬৪ বাংলা ১৩১৬ বৈশাখে 'বিজ্ঞাপিত' প্রায়শ্চিত্ত নাটকের একটি গানের (দ্রষ্টব্য পৃ ৫৭১) এই নূতন রূপ ১৩২৯ বৈশাখে মুদ্রিত 'মুক্তধারা'য় পাওয়া যায়।

৮৯৬।৬৫ 'অচলায়তন' (প্রথম প্রকাশ : প্রবাসী : ১৩১৮ আশ্বিন) গ্রন্থ হইতে গৃহীত।

৮৯৬।৬৬ আদৌ 'খেয়া' কাব্যে সংকলিত ; রচনা : ২৪ মাঘ ১৩১২।

৮৯৬।৬৭ 'বলাকা'য় সংকলিত কবিতার পাঠান্তর ; মূল কবিতার রচনা : ৭ কার্তিক ১৩২২।

৮৯৬-৯৭।৬৮ ভাসে (গান) —এই শীর্ষলিখনে বাংলা ১৩২৯ ভাদ্রের 'প্রবাসী'তে প্রকাশিত। রচনা : ৩১ আষাঢ় [১৩২৯]

৮৯৭।৬৯ 'অনেক দিনের মনের মানুষ' (দ্বিতীয়খণ্ড নবগীতিকা : ১৩২৯) গানের এই রূপান্তরিত পাঠ 'নৃত্যনাট্য মায়ার খেলা'র পাণ্ডুলিপি হইতে সংকলিত। নৃত্যনাট্য হইতে পরে বাদ দেওয়া হইয়াছিল।

৮৯৭।৭০ 'হৃদয় আমার ওই বুঝি তোর বৈশাখী ঝড় আসে' (রচনা : জ্যৈষ্ঠ ১৩২৯) গানের এই অভিনব পাঠ ১৩৩৭ ফাল্গুনে 'নবীন'এর অনুষ্ঠানপত্রে মুদ্রিত হয়।

৮৯৭-৯৮।৭১ ইহার রচনা : ২৪ চৈত্র ১৩২৯। গীতবিতানের ৫৩৩ পৃষ্ঠায় মুদ্রিত পাঠের আখর-ওয়ালা রূপান্তর। দ্বিতীয়খণ্ড স্বরবিতানের নূতন সংস্করণে দুটি গানেরই স্বরলিপি পাওয়া যাইবে।

৮৯৮।৭২ পাণ্ডুলিপি হইতে সংকলিত। ১৩২৯ সালের ফাল্গুন-চৈত্রের মধ্যেই রচিত মনে হয়। ইহার সুর 'পিয়া বিদেশ গয়ে' এরূপ একটি হিন্দি গানের অনুরূপ এই অনুমান করা হয়।

৮৯৮-৯৯। ৭৩-৭৫ সংখ্যা। 'প্রবাহিণী' (অগ্রহায়ণ ১৩৩২) হইতে গৃহীত। 'অবেলায় যদি এসেছ আমার বনে' গানটি (৭৪) তৎপূর্বেই 'সঙ্গীত-বিজ্ঞানপ্রবেশিকা'য় প্রচারিত হইয়াছিল।

৮৯৯-৯০০।৭৬ প্রথমসংস্করণ 'গীতবিতান' গ্রন্থের তৃতীয় খণ্ড (১৩৩৯) হইতে সংকলিত। রচনা : ফাল্গুন ১৩৩২।

২০০।৭৭ শ্রীসুরেন্দ্রনাথ করের সৌজন্যে প্রাপ্ত অন্যতম রবীন্দ্র-পাণ্ডুলিপি হইতে সংকলিত। আনুমানিক রচনাকাল: ফাল্গুন ১৩৩২।

২০০।৭৮ প্রথমসংস্করণের 'গীতবিতান' গ্রন্থে মুদ্রিত; রচনা: ফাল্গুন ১৩৩২। বর্তমান পাঠে প্রকাশিত স্বরলিপির অনুসরণ করা হইয়াছে। কবি 'দালিয়া' ছোটো গল্পের আখ্যান লইয়া নাটক রচনা করার সংকল্প করিয়াছিলেন শুনা যায়; ইহা তাহারই প্রস্তাবনা-গীত।

২০১।৭৯ 'নটরাজ-ঋতুরঙ্গশালা'র অন্তর্গত এই গানটির যে পাঠ ১৩৩৪ আষাঢ়ের 'বিচিত্রা'য় প্রকাশিত তাহাই অধিক প্রচলিত এবং এই গ্রন্থে ৫১৯ পৃষ্ঠায় (সংখ্যা ৪৬ মুদ্রিত আছে। মূলতঃ বসন্তের গান (রচনা: ১৯ ফাল্গুন ১৩৩৩), শরতের প্রসঙ্গে ব্যবহার করায় 'বনবাণী' কাব্যে, অর্থাৎ 'নটরাজ-ঋতুরঙ্গশালা'র সর্বশেষ পাঠে, যেমনটি দেখা যায় তাহাই এ স্থলে সংকলিত হইল।

২০১।৮০ 'এবার বুঝি ভোলার বেলা হল' গানটি ১৩৩৬ চৈত্রের 'প্রবাসী'তে মুদ্রিত; রচনা: ২১ ফেব্রুয়ারি ১৯৩০। ভাষা ও ভাবের দিক দিয়া অন্যত্র মুদ্রিত 'স্বপনে দোঁহে ছিনু কী মোহে' গানের সহিত তুলনীয়।

২০২।৮১ হিন্দি আদর্শ ও স্বরলিপি-সহ ১৩৬৪ বৈশাখ-আষাঢ়ের বিশ্বভারতী পত্রিকায় মুদ্রিত। সম্ভবতঃ ১৩৩৮ সালে রচনা করিয়া, কবি স্বয়ং ইহা শ্রীমতী অমিয়া ঠাকুরকে শিখাইয়াছিলেন; তাঁহারই সৌজন্যে পাওয়া গিয়াছে।

২০২।৮২ নবীন (১৩৩৭ ফাল্গুন) গীতিনাট্যের বহুখ্যাত গানের এই রূপান্তর ১৩৪১ শ্রাবণে প্রকাশিত 'শ্রাবণগাথা'র অঙ্গীভূত।

২০২।৮৩ রবীন্দ্র-পাণ্ডুলিপি হইতে সংকলিত। শ্রীশান্তিদেব ঘোষের সৌজন্যে জানা যায়, ইহার রচনা ১৩৩৮ বৈশাখের প্রথম দিকে।

২০৩। ৮৪-৮৫ সংখ্যা। শ্রীমধু বসুর পরিকল্পনায় রবীন্দ্রনাথের 'দালিয়া' ছোটো গল্পটি নাট্যীকৃত হইয়া ১৯৩৩ সনের ১০ ফেব্রুয়ারি তারিখে কলিকাতায় 'এম্পায়ার থিয়েটার' রঙ্গমঞ্চে অভিনীত হয়। তাঁহারই সৌজন্যে সম্প্রতি দেখিবার সুযোগ হইয়াছে যে, উক্ত নাট্যের যে পাঠ

রচিত হইয়াছিল তাহাতে কবি স্বহস্তে বহু পরিবর্তন করেন এবং সূচনায় এই রচনা দুটি লিখিয়া দেন। 'ওগো জলের রানী' (৭৮) গানটির সহিত 'ও জলের রানী' (৮৪) তুলনার যোগ্য; ইহার সূচনায় কবি এরূপ সুর দেন—

সা -া -া । রা গা -া । রগা রসা -া
ও ০ ০ জ লে র্ রা০ নী০ ০

৯০৩।৮৬ প্রথম প্রকাশ ১৩৪০ জ্যৈষ্ঠের 'সন্দেশ' মাসিক পত্রে; পরে 'বিচিত্রিতা' (১৩৪০ শ্রাবণ) গ্রন্থে সংকলিত। বাউল সুর। শ্রীশান্তিদেব ঘোষ গত ৩. ৮. ১৯৫৭ তারিখের পত্রে জানাইয়াছেন, কবি যখন এই কবিতায় সুর দেন তখন 'নুটুদি' (শ্রীমতী রমা মজুমদার বা কর। মৃত্যু ১৩৪১ মাঘ) ছিলেন, 'তাঁকেও শিখিয়ে ছিলেন।'

৯০৪।৮৭-৮৮ ১৩৪২ সালের শ্রাবণে উদ্‌যাপিত বর্ষামঙ্গলের অনুষ্ঠানপত্র হইতে সংকলিত। এই দুটি গানেরই পাঠান্তর 'বীথিকা' (ভাদ্র ১৩৪২) কাব্যে এবং গীতবিতান গ্রন্থের পূর্বতন ভাগে ৪৭১ এবং ২৮৯ পৃষ্ঠায় মুদ্রিত আছে।

৯০৫।৮৯ 'বীথিকা'য় মুদ্রিত এই গানের রচনা : ২৮ শ্রাবণ ১৩৪২। শ্রাবণের প্রথম সপ্তাহে কবির পরম স্নেহভাজন দিনেন্দ্রনাথ ঠাকুরের সহসা মৃত্যু হয়। স্বভাবতঃই মনে হয় যে, সেই 'সকল নাটের কাণ্ডারী আমার সকল গানের ভাণ্ডারী' আত্মবন্ধুর অশ্রুগূঢ় স্মৃতি ১৩৪২ বর্ষামঙ্গলের এই রচনায় মিলিয়া মিশিয়া আছে।

৯০৫।৯০ ১৩৪২ শ্রাবণে বর্ষামঙ্গলের অনুষ্ঠানপত্রে প্রথম প্রচারিত। পূর্ববর্তী ৮৯-সংখ্যক রচনার সহিত তুলনীয়। বর্তমান পাঠে মুদ্রিত স্বরলিপি অনুসৃত হইয়াছে।

৯০৬।৯১ রবীন্দ্র-পাণ্ডুলিপি হইতে গৃহীত। পত্রপুট কাব্যের পঞ্চম কবিতায় (২৫ অক্টোবর ১৯৩৫) ইহার সূচনার কয়েক ছত্র সংকলিত।

৯০৬।৯২ রবীন্দ্র-পাণ্ডুলিপি হইতে সংকলিত এই গান ১৩৪৩ সালের দোলপূর্ণিমায় রচিত।

৯০৬-৯০৭। ৯৩-৯৪ এই গান দুটি দ্বিতীয়সংস্করণ 'গীতবিতান'এর পরিশিষ্ট হইতে সংকলিত। আনুমানিক রচনাকাল : ভাদ্র ১৩৪৬।

৯০৭, ৯০৮। ৯৫, ৯৭ সংখ্যা। বাংলা ১৩৪৬ সালের চৈত্রে রচিত। পাণ্ডুলিপি হইতে সংকলিত।

৯০৭।৯৬ ১৩৪৬ চৈত্রের এই রচনা 'সানাই' কাব্যের 'ভালোবাসা এসেছিল' কবিতার সহিত তুলনীয়।

৯০৮।৯৮ ১৬ ভাদ্র ১৩৪৭ তারিখে রচিত ও পরবর্তী ১৮ ভাদ্র তারিখে শান্তিনিকেতন আশ্রমের বর্ষামঙ্গল উৎসবে গীত হয়।

৯০৯।৯৯ পাণ্ডুলিপি হইতে সংকলিত। রচনা : ২০ ভাদ্র ১৩৪৭।

৮০৭-৮০৯ ১২১-১২৬ সংখ্যা

৮৬২-৬৫। ৯-১১ ও ১৩-১৫ সংখ্যা

৯০৭-৯০৯। ৯৫-৯৯ সংখ্যা— তৃতীয়সংস্করণ 'গীতবিতান'এ সংকলনের উদ্দেশে এই সতেরোটি গানের টাইপ-কপি, 'অপ্রকাশিত নূতন গান' এই পরিচয়ে, রবীন্দ্রনাথ বর্তমানেই প্রস্তুত করা হইয়াছিল।

৯০৯।১০০ ৩ নভেম্বর ১৯৪০ তারিখের সকালে কলিকাতার বেতার-কেন্দ্র হইতে রবীন্দ্রসংগীতের একটি বিশেষ অনুষ্ঠান প্রচারিত হয়।— উহা শুনিয়া, কলিকাতায় জোড়াসাঁকোর বাড়িতে কবি এই গানটি রচনা করিয়া শ্রীমতী অমিতা ঠাকুরকে শিক্ষা দেন। তাঁহারই সৌজন্যে মুদ্রিত পাঠ নির্ধারিত হইয়াছে। শ্রীশৈলজারঞ্জন মজুমদার আমাদিগকে এই গানের সন্ধান দেন।

এই বৎসর ২৭ সেপ্টেম্বর তারিখে কালিম্পঙে কবি নিদারুণ ভাবে পীড়িত হইয়াছিলেন; কলিকাতায় আসিয়া রোগমুক্তির পর ৩০ অক্টোবর তারিখে একটি কবিতা রচনা করেন : একা ব'সে আছি হেথায়। 'যারা বিহান বেলায় গান এনেছিল আমার মনে' উক্ত রচনারই গীতরূপ বলা যায়।

৯০৯-৯১০। ১০১-১০২ সংখ্যা। রবীন্দ্র-পাণ্ডুলিপি হইতে সংকলিত এই রচনা দুটি যে গানই, শ্রীশান্তিদেব ঘোষের সৌজন্যে তাহা জানা গিয়াছে। রচনা ১৯৪০ সালের ডিসেম্বরে। 'পাখি তোর সুর ভুলিস নে'

গানটি পরে কবিতায় পরিবর্তিত হইয়া, 'শেষ লেখা'র তৃতীয় কবিতা-রূপে মুদ্রিত আছে।—'আমার হারিয়ে যাওয়া দিন' গানের একটি পাঠান্তর অন্যতম রবীন্দ্র-পাণ্ডুলিপি হইতে সংকলিত হইল—

হারিয়ে যাওয়া দিন
আর কি খুঁজে পাব তারে—
অশ্রুসজল আকাশপারে
ছায়ায় হল লীন।
করুণ মুখচ্ছবি
বাদল-হাওয়ায় মেলে দিল
বিরহী ভৈরবী।
গহন বনচ্ছায়
অনেক কালের স্তব্ধবাণী
কাহার অপেক্ষায়
আছে বচনহীন॥

শান্তিনিকেতন
১১ ফেব্রুয়ারি ১৯৪১। বিকাল

২১৩-৩২ পরিশিষ্ট ১ ॥ নৃত্যনাট্য মায়ার খেলা ॥ রবীন্দ্রসদনে রক্ষিত ১৩৪৫ পৌষের একখানি পাণ্ডুলিপি হইতে সংকলিত। পাণ্ডুলিপির অধিকাংশ অন্যের হাতের নকল হইলেও রবীন্দ্রনাথ স্বহস্তে বহু বর্জন ও পরিবর্তন করিয়াছেন, বহু নূতন অংশ যোগ করিয়াছেন দেখা যায়। পাণ্ডুলিপি দেখিয়া মনে করিবার কারণ আছে যে, রচনা একরূপ পূর্ণতা প্রাপ্ত হইয়াছিল। ব্যক্তিগত সাক্ষ্যে এরূপ জানা যায় যে, ১৩৪৫ অগ্রহায়ণে এই নৃত্যনাট্যের কল্পনা ও রচনা শুরু হয়; কিছুকাল মহলা চলিবার পর ওই বৎসরে দোলপূর্ণিমার উৎসব উপলক্ষ্যে নৃত্যগীতযোগে শান্তিনিকেতন-আশ্রমে ইহার অংশবিশেষ অভিনীত হইয়াছিল। সম্পূর্ণ নৃত্যনাট্যের অভিনয় কখনোই হয় নাই। পাণ্ডুলিপিতে প্রবেশ-প্রস্থান ইত্যাদি নাট্য-নির্দেশ যে যে স্থলে সংশয়ের অবকাশ আছে, বর্তমান মুদ্রণে সম্ভবপর নির্দেশ বন্ধনী-মধ্যে দেওয়া গেল। পূর্বসংকলিত (পৃ ৬৫৫-৮২) গীতিনাট্যের সহিত বর্তমান নৃত্যনাট্যের তুলনা[৭] করিলে রবীন্দ্রনাথের কবি ও শিল্পী -মানসের বিস্ময়কর পরিণতির কিছু আভাস পাওয়া যাইবে আশা করা যায়। হয়তো ইহাও বুঝা যাইবে কেন রবীন্দ্রনাথ বলিয়াছেন, 'প্রথম বয়সে আমি হৃদয়ভাব প্রকাশ করবার চেষ্টা করেছি গানে, আশা করি সেটা কাটিয়ে উঠেছি পরে। পরিণত বয়সের গান ভাব বাৎলাবার জন্যে নয়, রূপ দেবার জন্য। তৎসংশ্লিষ্ট কাব্যগুলিও অধিকাংশই রূপের বাহন।'[৮]

২২৮ 'যে ছিল আমার স্বপনচারিণী' এই গানটি 'আমি কারেও বুঝি নে, শুধু বুঝেছি তোমারে' (পৃ ৬৭৬) গানের রূপান্তর; নূতন সৃষ্টিই বলা চলে। ইহাতে 'পরিণত বয়সের গান ভাব বাৎলাবার জন্যে নয়, রূপ দেবার জন্য' এ উক্তির অর্থ বুঝা যায়।

---

৭ দ্রষ্টব্য প্রবন্ধ : রূপসৃষ্টি : মায়ার খেলার রূপান্তর : তরুণের স্বপ্ন ১২।১৩৬৩।২৪২-৫৪ পৃষ্ঠা।

৮ ১৩ জুলাই ১৯৩৫ তারিখের পত্র : সুর ও সঙ্গতি।

৯৩৩-৪৩ পরিশিষ্ট ২ ॥ পরিশোধ ॥ এই নৃত্যনাট্য ১৩৪৩ কার্তিকের 'প্রবাসী' হইতে সংকলিত। কবি-কর্তৃক লিখিত মুখবন্ধ (পৃ ৯৩৩) দ্রষ্টব্য। ১৩৪৩ আশ্বিনে ইহার রচনা। ১৩৪৩ সালের ২৪ ও ২৫ কার্তিক তারিখে কলিকাতার 'আশুতোষ হল'এ ইহা অভিনীত হয়।

বলা বাহুল্য, এই রচনা পরে নানা ভাবে পরিবর্তিত হইয়া 'শ্যামা' (পৃ ৭৩৩-৫০) নৃত্যনাট্যে পরিণত হয়।

৯৪৫-৫০ পরিশিষ্ট ৩ ॥ প্রথমসংস্করণ 'গীতবিতান'এ (পরিশিষ্ট খ) 'বাদ-দেওয়া গানের তালিকা'য় কতকগুলি গান 'রবীন্দ্রনাথের রচনা নয়' বলিয়া নির্দিষ্ট। তাহারই একাংশের বিবরণ বর্তমান গ্রন্থের জ্ঞাতব্যপঞ্জীতে দ্রষ্টব্য ; অন্য অংশ তৃতীয় পরিশিষ্টরূপে সংকলিত —এগুলি যে রবীন্দ্রনাথের রচিত নয়, এ সম্পর্কে প্রথমসংস্করণ 'গীতবিতান'এর উক্ত বিজ্ঞপ্তির অতিরিক্ত অন্য মুদ্রিত ও নির্ভর-যোগ্য প্রমাণ পাওয়া যায় নাই। অপর পক্ষে তৃতীয় ও সপ্তম ব্যতীত সব গান ১২৯২ সালের 'রবিচ্ছায়া'য়, তৃতীয় অষ্টম ও নবম ব্যতীত সব গান ১৩০০ সালের 'গানের বহি'তে, এবং দ্বিতীয় চতুর্থ ও নবম ব্যতীত সব গান ১৯০৯ খৃস্টাব্দে প্রকাশিত 'গান' গ্রন্থে পাওয়া যায়। ১৩০৩ সালের 'কাব্যগ্রন্থাবলী' গ্রন্থে এক পাঁচ সাত আট ও দশ -সংখ্যক গান, এবং '১৩১০' সালে প্রকাশিত 'কাব্যগ্রন্থ' অষ্টম ভাগে তিন পাঁচ ও সাত -সংখ্যক গান পাওয়া যায়। 'নিত্য সত্যে চিন্তন করো রে' (৩) 'ব্রহ্মসঙ্গীত-স্বরলিপি'র চতুর্থ ভাগে এবং 'সঙ্গীতপ্রকাশিকা'য় (চৈত্র ১৩১৩) স্বরলিপি-সহ রবীন্দ্রনাথের নামেই প্রচারিত। 'মা আমি তোর কী করেছি' (৪) গানটি 'ভারতী'তে 'বৌঠাকুরানীর হাট' গল্পের অঙ্গীভূত হইয়া ১২৮৯ আষাঢ়ে প্রথম প্রকাশিত; গ্রন্থের প্রথম-দ্বিতীয় সংস্করণেও মুদ্রিত। 'না সজনী, না, আমি জানি' (১০) 'স্বর-লিপি-গীতিমালা'য় রবীন্দ্রনাথের রচনা বলিয়াই নির্দিষ্ট হইয়াছে।

৯৫১-৫৩ পরিশিষ্ট ৪ ॥ সংকলিত রচনাগুলি রবীন্দ্র-নামাঙ্কিত কোনো গ্রন্থে বা রচনায় পাওয়া যায় নাই।

৯৫১।১ এই রচনা স্বরলিপি-সহ 'বালক'এর ১২৯২ আষাঢ়-সংখ্যায় ও পরে 'স্বরলিপি-গীতিমালা'য় মুদ্রিত; তৎপূর্বে দীর্ঘতর আকারে ১২৮৬ ভাদ্রের 'ভারতী'তে প্রকাশিত। একমাত্র 'স্বরলিপি-গীতিমালা'য় রচয়িতা সম্পর্কে কিছু ইঙ্গিত পাওয়া যায়—

কথা :— শ্রীজ্যো:—
— শ্রীর

কিন্তু, সুরকারের উল্লেখ না থাকায় 'হিন্দিভাঙা' সুর বলিয়া মনে হয়। প্রথম প্রকাশের কাল (ওই সময়ের 'ভারতী'তে রবীন্দ্রনাথের 'য়ুরোপ-প্রবাসীর পত্র' ধারাবাহিক ভাবে মুদ্রিত হইতেছিল) এবং রচনাশৈলীর বিচারে ইহা প্রধানতঃ রবীন্দ্রনাথের রচনা বলিয়া অনুমান হয়। বর্তমান পাঠ 'স্বরলিপি-গীতিমালা'র অনুসারী।

৯৫১।২-৩ ১৮৮০ খৃস্টাব্দে প্রচারিত 'মানময়ী' গীতিনাট্যের অঙ্গীভূত। শ্রীমতী ইন্দিরাদেবী -লিখিত 'রবীন্দ্রস্মৃতি' (বিশ্বভারতী-কর্তৃক প্রকাশিত, ১৩৬৭, পৃ ২৭-২৮) দ্রষ্টব্য। এক সময়ে গান দুটি পড়িয়া শুনাইলে পর, রবীন্দ্রনাথ 'নিজের বলিয়া সন্দেহ প্রকাশ করিয়াছেন।' দ্রষ্টব্য 'রবীন্দ্র-রচনাপঞ্জী', শনিবারের চিঠি, ফাল্গুন ১৩৪৬, পৃ ৭৬১।

৯৫১-৫২।৪ জ্যোতিরিন্দ্রনাথের 'স্বপ্নময়ী' (১২৮৮) নাটক হইতে সংকলিত। ভাব ভাষা ছন্দের বৈশিষ্ট্য এবং রবীন্দ্রজীবনের বিশেষ অনুষঙ্গ বা স্মৃতি ছাড়া ইহা যে রবীন্দ্রনাথেরই রচনা সে সম্পর্কে অন্য প্রমাণ দুর্লভ। জ্যোতিরিন্দ্রনাথ-রচিত নাটকগুলিতে রবীন্দ্রনাথের 'জানা-শোনা' গানের অজস্র ব্যবহার দেখা যায়। 'স্বপ্নময়ী'তে পাই—

	গীতবিতান। পৃষ্ঠা
বল্ গোলাপ, মোরে বল্	৭১২
আমি স্বপনে রয়েছি ভোর	৮৭৫
আঁধার শাখা উজল করি	৭৬৯
হৃদয় মোর কোমল অতি	৮৭৪
হাসি কেন নাই ও নয়নে	৮৭৬
ক্ষমা করো মোরে সখী	৮৮০

দেশে দেশে ভ্রমি তব দুখগান গাহিয়ে ৮১৬
বুঝেছি বুঝেছি, সখা, ভেঙেছে প্রণয় ৭৭১
বলি গো সজনী, যেয়ো না, যেয়ো না ৮৮৭
দেখে যা, দেখে যা, দেখে যা লো তোরা ৪১৮
আয় তবে, সহচরী, হাতে হাতে ধরি ধরি ৪১৪
কে যেতেছিস আয় রে হেথা ৮৯০
অনন্তসাগরমাঝে ৮৮৮

তৃতীয় অঙ্কের চতুর্থ গর্ভাঙ্কে 'দেলো সখি দে পরাইয়ে চুলে' গানটি রবীন্দ্রনাথের যদি বা হয়, 'মায়ার খেলা'র

'দেলো সখি, দে, পরাইয়ে গলে[১] সাধের বকুলফুলহার।
আধফুট' জুঁইগুলি যতনে আনিয়া তুলি' ইত্যাদি

সুপরিচিত গান তবু নয়। উভয় গানের সাদৃশ্য উদ্ধৃত দুই ছত্রেই সীমাবদ্ধ। শ্রীমতী ইন্দিরাদেবী মনে করেন যে, 'স্বপ্নময়ী'র গানটি জ্যোতিরিন্দ্রনাথের রচনা, অথবা অক্ষয়চন্দ্র চৌধুরীর হইলেও হইতে পারে।

৯৫২-৫৩।৫ 'ব্রহ্মসঙ্গীত ও সঙ্কীর্ত্তন' (৯৫৯ পৃষ্ঠায় 'আকর গ্রন্থ' তালিকার তৃতীয়) গ্রন্থে এবং 'ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ'এর 'ব্রহ্মসঙ্গীত' গ্রন্থে রবীন্দ্রনাথের নামে মুদ্রিত।

৯৫৩।৬ 'সাধারণ-ব্রাহ্ম-সমাজ'এর 'ব্রহ্মসঙ্গীত' গ্রন্থ হইতে (১৩৩৮ মাঘ) সংকলিত। অন্যান্য নানা গ্রন্থেও রবীন্দ্রনাথের নামেই প্রচারিত। 'তত্ত্ববোধিনী পত্রিকা'য় ইহার প্রথম প্রকাশ (রচয়িতার নাম মুদ্রিত হয় নাই) ১৮০৮ শক বা বাংলা ১২৯৩ চৈত্রে।

---

[১] 'মায়ার খেলা' প্রথম সংস্করণের পাঠ। 'স্বরলিপি-গীতিমালা'য় এবং জ্যোতিরিন্দ্রনাথের হাতের স্বরলিপি -লিখনে এই পাঠই আছে। সম্পূর্ণ গানটির সম্পর্কে 'স্বরলিপি-গীতিমালা'র সংকেতে জানি রচয়িতা রবীন্দ্রনাথ, আর জ্যোতিরিন্দ্রনাথের হাতের লেখায় স্পষ্টই পাই— 'শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর'।

২৫৩।৭ শ্রীমতী সীতাদেবী -প্রণীত 'পুণ্যস্মৃতি' (১৩৪৯ শ্রাবণ) হইতে সংকলিত। উহার ৫৪-৫৫ পৃষ্ঠায় জানিতে পাই, 'প্রবাসী'তে মুদ্রণের জন্য 'অচলায়তন'এর যে পাণ্ডুলিপি পাওয়া যায় তাহাতে এই গান এবং 'কবে তুমি আসবে ব'লে রইব না বসে' গানটি লিখিত ও বর্জনচিহ্নিত ছিল।

জ্ঞাতব্যপঞ্জী ॥ সংযোজন ॥ পৃ ৯৫৭। মোহিতচন্দ্র সেন -সম্পাদিত অষ্টমভাগ কাব্যগ্রন্থ ১৩১০ বঙ্গাব্দে মুদ্রিত বা প্রকাশিত এই তথ্য উক্ত গ্রন্থের আখ্যাপত্র-অনুযায়ী ঠিক হইলেও সম্পূর্ণ সত্য নহে। অষ্টম ভাগের প্রায় শেষে (৩২৩-৩১ পৃষ্ঠায়) সন্নিবিষ্ট— 'মন তুমি নাথ লবে হরে' 'যে কেহ মোরে দিয়েছ সুখ' 'গরব মম হরেছ প্রভু' ইত্যাদি অন্তত আটটি গান যে ১৩১১ বঙ্গাব্দের ২০ জ্যৈষ্ঠ হইতে ২৩ আষাঢ়ের মধ্যে রচিত তাহা শ্রীসমীরচন্দ্র মজুমদার -সংরক্ষিত রবীন্দ্রপাণ্ডুলিপি দেখিয়া জানা যায়। মনে হয় শেষ ১৬ পৃষ্ঠার একটি ফর্মা এবং আরও ১ পাতা বা ২ পৃষ্ঠা বাদে সমুদয় গ্রন্থ ১৩১০ সালেই ছাপা হইয়া থাকিবে।

সংশোধন ॥ পৃ ৯৩৫— বজ্রসেন। এ কী খেলা ইত্যাদি।

পৃ ৯৬৬ শেষ ছত্রের শেষে পৃষ্ঠাঙ্ক— ৯০৬-৯০৭

উল্লিখিত গান-দু'টির সংখ্যা— ৯৩-৯৪

রবীন্দ্রসংগীতের যাঁহারা বিশেষ চর্চা করেন তাঁহারা সকলেই জানেন যে, পূর্বপ্রচলিত বিলাতি, বৈঠকি, বা লোকসংগীতের আত্মীকরণ এবং প্রথম জীবনের কিছু রচনায় জ্যোতিরিন্দ্রনাথের সুরযোজনা— ইহা ছাড়া রবীন্দ্রনাথের নামে প্রচারিত সব গানের সুরস্রষ্টাও স্বয়ং রবীন্দ্রনাথ। কৈশোরে জ্যোতিরিন্দ্রনাথের সাহচর্যে ও উৎসাহদানে কবি কী ভাবে গীতিরচনায় প্রবৃত্ত হন সে সম্পর্কে 'জ্যোতিরিন্দ্রনাথের জীবনস্মৃতি' হইতে আমরা অনেক কথা জানিতে পারি। জ্যোতিরিন্দ্রনাথের 'সরোজিনী' নাটকের জন্য 'জ্বল্ জ্বল্ চিতা দ্বিগুণ দ্বিগুণ' গানটি রবীন্দ্রনাথ কী ভাবে রচনা করেন তাহার বৃত্তান্ত পূর্বেই (পৃ ৯৭৪) উদ্‌ধৃত হইয়াছে। জ্যোতিরিন্দ্রনাথের উক্তি হইতে আরও জানিতে পারি—

সরোজিনী-প্রকাশের পর হইতেই, আমরা রবিকে প্রমোশন্ দিয়া আমাদের সমশ্রেণীতে উঠাইয়া লইলাম। এখন হইতে সঙ্গীত ও সাহিত্যচর্চ্চাতে আমরা হইলাম তিনজন— অক্ষয় (চৌধুরী), রবি ও আমি। ... ... এই সময়ে আমি পিয়ানো বাজাইয়া নানাবিধ সুর রচনা করিতাম। আমার দুই পার্শ্বে অক্ষয়চন্দ্র ও রবীন্দ্রনাথ কাগজ পেন্সিল লইয়া বসিতেন। আমি যেমনি একটি সুর-রচনা করিলাম, অমনি ইঁহারা সেই সুরের সঙ্গে তৎক্ষণাৎ কথা বসাইয়া গান-রচনা করিতে লাগিয়া যাইতেন। একটি নূতন সুর তৈরি হইবামাত্র, সেটি আরও কয়েকবার বাজাইয়া ইঁহাদিগকে শুনাইতাম। সেই সময় অক্ষয়চন্দ্র চক্ষু মুদিয়া বর্ম্মা সিগার টানিতে টানিতে, মনে মনে কথার চিন্তা করিতেন। পরে যখন তাঁহার নাক মুখ দিয়া অজস্রভাবে ধূমপ্রবাহ বহিত, তখনি বুঝা যাইত যে এইবার তাঁহার মস্তিষ্কের ইঞ্জিন চলিবার উপক্রম করিয়াছে। তিনি অমনি বাহ্যজ্ঞানশূন্য হইয়া চুরুটের টুক্‌রাটি, সম্মুখে যাহা পাইতেন এমন কি পিয়ানোর উপরেই, তাড়াতাড়ি রাখিয়া দিয়া, হাঁফ ছাড়িয়া "হয়েছে হয়েছে" বলিতে বলিতে আনন্দদীপ্ত মুখে লিখিতে সুরু করিয়া দিতেন। রবি কিন্তু বরাবর শান্তভাবেই ভাবাবেশে রচনা করিতেন। রবীন্দ্রনাথের চাঞ্চল্য কচিৎ লক্ষিত হইত। অক্ষয়ের যত শীঘ্র হইত, রবির রচনা তত শীঘ্র হইত না। সচরাচর গান বাঁধিয়া তাহাতে সুর-সংযোগ করাই প্রচলিত রীতি, কিন্তু আমাদের পদ্ধতি ছিল উল্টা। সুরের অনুরূপ গান তৈরি হইত।

স্বর্ণকুমারীও অনেক সময় আমার রচিত সুরে গান প্রস্তুত করিতেন।

রবীন্দ্রনাথ ও জ্যোতিরিন্দ্রনাথ

সাহিত্য এবং সঙ্গীতচর্চ্চায় আমাদের তেতলা মহলের আবহাওয়া তখন দিবা-রাত্রি সমভাবে পূর্ণ হইয়া থাকিত। রবীন্দ্রনাথের সর্ব্বপ্রথম রচনা "কালমৃগয়া"[১০] গীতিনাট্য এবং তাঁহার দ্বিতীয় রচনা "বাল্মীকি-প্রতিভা"[১১] গীতিনাট্যেও উক্ত-রূপে রচিত সুরের অনেক গান দেওয়া হইয়াছিল।

—জ্যোতিরিন্দ্রনাথের জীবনস্মৃতি। পৃ ১৫১, ১৫৩-৫৬

এই প্রসঙ্গেই রবীন্দ্রনাথের লেখা হইতে জানিতে পারি—

এক সময়ে পিয়ানো বাজাইয়া জ্যোতিদাদা নূতন নূতন সুর তৈরি করায় মাতিয়াছিলেন। প্রত্যহই তাঁহার অঙ্গুলিনৃত্যের সঙ্গে সঙ্গে সুরবর্ষণ হইতে থাকিত। আমি এবং অক্ষয়বাবু তাঁহার সেই সদ্যোজাত সুরগুলিকে কথা দিয়া বাঁধিয়া রাখিবার চেষ্টায় নিযুক্ত ছিলাম। গান বাঁধিবার শিক্ষানবিশি এই-রূপে আমার আরম্ভ হইয়াছিল।

—জীবনস্মৃতি। গী. ১৮৮১

---

১০ এক হিসাবে 'কালমৃগয়া' রবীন্দ্রনাথের 'সর্বপ্রথম' গীতিনাট্য হইতে পারে না। 'বাল্মীকিপ্রতিভা'র যে রূপ অধুনা অপ্রচলিত (দ্রষ্টব্য রবীন্দ্র-রচনাবলীর 'অচলিত প্রথম খণ্ড') উহা 'কালমৃগয়া'র প্রায় দুই বৎসর পূর্বে রচিত বা অভিনীত হয়। 'বাল্মীকিপ্রতিভা'র প্রচলিত দ্বিতীয় সংস্করণ অবশ্যই 'কালমৃগয়া'র পরবর্তী।

১১ 'জ্যোতিরিন্দ্রনাথের জীবনস্মৃতি' (১৩২৬ ফাল্গুন) গ্রন্থে (পৃ ৩৩) অনু-লেখক শ্রীবসন্তকুমার চট্টোপাধ্যায় (অবশ্যই জ্যোতিরিন্দ্রনাথের বাক্যানুসারে) এরূপ লিখিতেছেন যে, 'বাল্মীকিপ্রতিভার প্রায় সব গানের সুরই জ্যোতি-বাবুর সংযোজিত।' এ উক্তির সত্যতা-নির্ণয় কিঞ্চিৎ গবেষণা-সাপেক্ষ। সত্য হইলেও, সম্ভবতঃ এ উক্তির লক্ষ্য হইল বাল্মীকিপ্রতিভার প্রথম সংস্করণ। দ্বিতীয় সংস্করণে অন্তরবর্তীকালীন 'কালমৃগয়া' গীতিনাট্যের বহু নূতন 'গান পরিবর্ত্তিত আকারে অথবা বিশুদ্ধ আকারে' গৃহীত— আর, 'কালমৃগয়া'তে রবীন্দ্রনাথের মৌলিক বা স্বাধীন-স্বতন্ত্র সুরসৃষ্টির পর্ব ভালোভাবে আরম্ভ হইয়া গিয়াছে এরূপ মনে করিবার সংগত কারণ আছে।

রবীন্দ্রনাথ ইংলন্ড্ হইতে ফিরিয়া আসিবার পর, ‘বাল্মীকিপ্রতিভা’য় দেশী-বিলাতি উভয় প্রকার সংগীত লইয়া কী ভাবে পরীক্ষা চলিয়াছিল তাহা ‘জীবনস্মৃতি’তে বর্ণিত হইয়াছে—

এই দেশী ও বিলাতী সুরের চর্চার মধ্যে বাল্মীকিপ্রতিভার জন্ম হইল। ইহার সুরগুলি অধিকাংশই দিশি, কিন্তু এই গীতিনাট্যে তাহাকে তাহার বৈঠকি মর্যাদা হইতে অন্য ক্ষেত্রে বাহির করিয়া আনা হইয়াছে; উড়িয়া চলা যাহার ব্যবসায় তাহাকে মাটিতে দৌড় করাইবার কাজে লাগানো গিয়াছে। যাঁহারা এই গীতিনাট্যের অভিনয় দেখিয়াছেন তাঁহারা আশা করি এ কথা সকলেই স্বীকার করিবেন যে, সংগীতকে এইরূপ নাট্যকার্যে নিযুক্ত করাটা অসংগত বা নিষ্ফল হয় নাই। বাল্মীকিপ্রতিভা গীতিনাট্যের ইহাই বিশেষত্ব। সংগীতের এইরূপ বন্ধনমোচন ও তাহাকে নিঃসংকোচে সকলপ্রকার ব্যবহারে লাগাইবার আনন্দ আমার মনকে বিশেষভাবে অধিকার করিয়াছিল। বাল্মীকিপ্রতিভার অনেকগুলি গান বৈঠকি-গান-ভাঙা, অনেকগুলি জ্যোতিদাদার রচিত গতের সুরে বসানো এবং গুটিতিনেক গান বিলাতি সুর হইতে লওয়া। আমাদের বৈঠকি গানের তেলেনা অঙ্গের সুরগুলিকে সহজেই এইরূপ নাটকের প্রয়োজনে ব্যবহার করা যাইতে পারে— এই নাট্যে অনেক স্থলে তাহা করা হইয়াছে। বিলাতি সুরের মধ্যে দুইটিকে ডাকাতদের মত্ততার গানে লাগানো হইয়াছে এবং একটি আইরিশ সুর বনদেবীর বিলাপগানে বসাইয়াছি। [পৃ ১০১৫-১৬ দ্রষ্টব্য।] বস্তুত, বাল্মীকিপ্রতিভা পাঠযোগ্য কাব্যগ্রন্থ নহে, উহা সংগীতের একটি নূতন পরীক্ষা— অভিনয়ের সঙ্গে কানে না শুনিলে ইহার কোনো স্বাদগ্রহণ সম্ভবপর নহে। য়ুরোপীয় ভাষায় যাহাকে অপেরা বলে বাল্মীকিপ্রতিভা তাহা নহে— ইহা সুরে নাটিকা; অর্থাৎ সংগীতই ইহার মধ্যে প্রাধান্য লাভ করে নাই, ইহার নাট্যবিষয়টাকে সুর করিয়া অভিনয় করা হয় মাত্র— স্বতন্ত্র সংগীতের মাধুর্য ইহার অতি অল্প স্থলেই আছে।

আমার বিলাত যাইবার আগে হইতে আমাদের বাড়িতে মাঝে মাঝে বিদ্বজ্জনসমাগম নামে সাহিত্যিকদের সম্মিলন হইত। সেই সম্মিলনে গীতবাদ্য কবিতা-আবৃত্তি ও আহারের আয়োজন থাকিত। আমি বিলাত হইতে ফিরিয়া আসার পর একবার এই সম্মিলনী আহূত হইয়াছিল [১৬ ফাল্গুন ১২৮৭]—

ইহাই শেষবার। এই সম্মিলনী উপলক্ষ্যেই বাল্মীকিপ্রতিভা রচিত হয়। আমি বাল্মীকি সাজিয়াছিলাম এবং আমার ভ্রাতুষ্পুত্রী প্রতিভা সরস্বতী সাজিয়াছিল —বাল্মীকি-প্রতিভা নামের মধ্যে সেই ইতিহাসটুকু রহিয়া গিয়াছে।

—জীবনস্মৃতি। বাল্মীকিপ্রতিভা

উল্লিখিত সংগীতসৃষ্টিতে সকলে কিরূপ মাতিয়া উঠিয়াছিলেন, এবং জ্যোতিরিন্দ্র-নাথের নেতৃত্ব ছিল কতখানি, সে বিষয়ে রবীন্দ্রনাথ লিখিয়াছেন—

বাল্মীকিপ্রতিভা ও কালমৃগয়া যে উৎসাহে লিখিয়াছিলাম সে উৎসাহে আর-কিছু রচনা করি নাই। ওই দুটি গ্রন্থে আমাদের সেই সময়কার একটা সংগীতের উত্তেজনা প্রকাশ পাইয়াছে। জ্যোতিদাদা তখন প্রত্যহই প্রায় সমস্ত দিন ওস্তাদি গানগুলাকে পিয়ানো যন্ত্রের মধ্যে ফেলিয়া তাহাদিগকে যথেচ্ছা মন্থন করিতে প্রবৃত্ত ছিলেন। তাহাতে ক্ষণে ক্ষণে রাগিণীগুলির এক-একটি অপূর্ব মূর্তি ও ভাবব্যঞ্জনা প্রকাশ পাইত। যে-সকল সুর বাঁধা নিয়মের মধ্যে মন্দগতিতে দস্তুর রাখিয়া চলে তাহাদিগকে প্রথাবিরুদ্ধ বিপর্যস্ত ভাবে দৌড় করাইবা মাত্র সেই বিপ্লবে তাহাদের প্রকৃতিতে নূতন নূতন অভাবনীয় শক্তি দেখা দিত এবং তাহাতে আমাদের চিত্তকে সর্বদা বিচলিত করিয়া তুলিত। সুরগুলা যেন নানা প্রকার কথা কহিতেছে এইরূপ আমরা স্পষ্ট শুনিতে পাইতাম। আমি ও অক্ষয়বাবু অনেক সময় জ্যোতিদাদার সেই বাজনার সঙ্গে সঙ্গে সুরে কথাযোজনার চেষ্টা করিতাম।··· এইরূপ একটা দস্তুরভাঙা গীত-বিপ্লবের প্রলয়ানন্দে এই দুটি নাট্য লেখা। এইজন্য উহাদের মধ্যে তাল-বেতালের নৃত্য আছে এবং ইংরেজি-বাংলার বাছ-বিচার নাই। আমার অনেক মত ও রচনারীতিতে আমি বাংলাদেশের পাঠকসমাজকে বারম্বার উত্ত্যক্ত করিয়া তুলিয়াছি, কিন্তু আশ্চর্যের বিষয় এই যে, সংগীত সম্বন্ধে উক্ত দুই গীতিনাট্যে যে দুঃসাহসিকতা প্রকাশ পাইয়াছে তাহাতে কেহই কোনো ক্ষোভ প্রকাশ করেন নাই এবং সকলেই খুশি হইয়া ঘরে ফিরিয়াছেন।

—জীবনস্মৃতি। বাল্মীকিপ্রতিভা

'বাল্মীকিপ্রতিভা' ও 'কালমৃগয়া'র সহিত 'মায়ার খেলা'র পার্থক্যের বিষয়ে কবি বলিয়াছেন—

মায়ার খেলা ··· গীতনাট্য ··· ভিন্ন জাতের জিনিস। তাহাতে নাট্য মুখ্য

নহে, গীতই মুখ্য। বাল্মীকিপ্রতিভা ও কালমৃগয়া যেমন গানের সূত্রে নাট্যের মালা, মায়ার খেলা তেমনি নাট্যের সূত্রে গানের মালা। ঘটনাস্রোতের 'পরে তাহার নির্ভর নহে, হৃদয়াবেগই তাহার প্রধান উপকরণ।

—জীবনস্মৃতি। বাল্মীকিপ্রতিভা

কবি নিজের সংগীতচর্চা ও সংগীতসৃষ্টি সম্পর্কে বহু কথা 'জীবনস্মৃতি' ও 'ছেলেবেলা'তে বলিয়াছেন। সংগীত সম্বন্ধে তাঁহার সুচিন্তিত অভিমত 'সঙ্গীতের মুক্তি' প্রবন্ধে (সবুজপত্র : ভাদ্র ১৩২৪) এবং মাসিক পত্রিকাদিতে ইতস্তত: বিক্ষিপ্ত অন্য প্রবন্ধে ও পত্ররাজিতে, তথা 'সুর ও সঙ্গতি' পুস্তকে নিবদ্ধ পত্রালাপে, অনেকটা জানিতে পারা যাইবে। সংগীত সম্বন্ধে তাঁহার বহু পুরাতন রচনা হিসাবে 'সঙ্গীত ও ভাব' (ভারতী : জ্যৈষ্ঠ ১২৮৮) উল্লেখ করা যাইতে পারে ; তবে কবি-যে দীর্ঘ জীবনের সংগীতসাধনার পথে ওই প্রবন্ধের ভাবনাধারা কালে পিছনে ফেলিয়া আসিয়াছেন তাহা 'জীবনস্মৃতি'র 'গান সম্বন্ধে প্রবন্ধ' অধ্যায়ে স্পষ্ট ভাবেই বলা আছে। রবীন্দ্রনাথের গান-সম্পর্কিত সমুদয় রচনা, চিঠিপত্র, আলাপ— এগুলি কালে সংকলিত হইলে হয়তো তাঁহার পরিণত অভিমতের এবং তাহার বিকাশেরও একটি পূর্ণ চিত্র পাওয়া যাইবে। কারণ, সৃষ্টিতেই স্রষ্টার সব কথা নিঃশেষে নিহিত থাকিলেও, ভাষ্য-ব্যতীত বুদ্ধি দিয়া তাহা আয়ত্ত করা সকলের পক্ষে সম্ভবপর হয় না ; এবং এ কথা বলিলে অত্যুক্তি হইবে না যে, আজ পর্যন্ত রবীন্দ্রনাথই রবীন্দ্রনাথের শ্রেষ্ঠ ভাষ্যকার। যেমন, 'বাল্মীকিপ্রতিভা' প্রভৃতি রচনায় বহু ক্ষেত্রে রবীন্দ্রনাথ বিলাতি সুর ব্যবহার করিয়াছেন জানি ; ভারতীয় ও য়ুরোপীয় সংগীতের মধ্যে প্রকৃতিগত পার্থক্য কোথায় জানিতে হইলে রবীন্দ্রনাথের মন্তব্যই উদ্ধারযোগ্য। ভারতীয় সংগীত সম্পর্কে রবীন্দ্র-মন্তব্য তাঁহার আপন সৃষ্টি সম্পর্কেও বর্ণে বর্ণে সত্য সন্দেহ নাই—

য়ুরোপীয় সংগীতের মর্মস্থানে আমি প্রবেশ করিতে পারিয়াছি, এ কথা বলা আমাকে সাজে না। কিন্তু, বাহির হইতে যতটুকু আমার অধিকার হইয়াছিল তাহাতে য়ুরোপের গান আমার হৃদয়কে এক দিক দিয়া খুবই আকর্ষণ করিত। আমার মনে হইত, এ সংগীত রোমান্টিক। রোমান্টিক

বলিলে যে ঠিকটি কী বুঝায় তাহা বিশ্লেষণ করিয়া বলা শক্ত। কিন্তু, মোটা-মুটি বলিতে গেলে রোমান্টিকের দিকটা বিচিত্রতার দিক, প্রাচুর্যের দিক, তাহা জীবনসমুদ্রের তরঙ্গলীলার দিক, তাহা অবিরাম গতিচাঞ্চল্যের উপর আলোক-ছায়ার দ্বন্দ্ব-সম্পাতের দিক; আর-একটা দিক আছে যাহা বিস্তার, যাহা আকাশনীলিমার নির্নিমেষতা, যাহা সুদূর দিগন্তরেখায় অসীমতার নিস্তব্ধ আভাস। যাহাই হউক, কথাটা পরিষ্কার না হইতে পারে, কিন্তু আমি যখনই য়ুরোপীয় সংগীতের রসভোগ করিয়াছি তখনই বারম্বার মনের মধ্যে বলিয়াছি ইহা রোমান্টিক— ইহা মানবজীবনের বিচিত্রতাকে গানের সুরে অনুবাদ করিয়া প্রকাশ করিতেছে। আমাদের সংগীতে কোথাও কোথাও সে চেষ্টা নাই যে তাহা নহে, কিন্তু সে চেষ্টা প্রবল ও সফল হইতে পারে নাই। আমাদের গান ভারতবর্ষের নক্ষত্রখচিত নিশীথিনীকে ও নবোন্মেষিত অরুণরাগকে ভাষা দিতেছে; আমাদের গান ঘনবর্ষার বিশ্বব্যাপী বিরহবেদনা ও নববসন্তের বনান্তপ্রসারিত গভীর উন্মাদনার বাক্যবিস্মৃত বিহ্বলতা।

— জীবনস্মৃতি : বিলাতী সংগীত

রবীন্দ্রনাথের প্রথম বয়সের কোন্ কোন্ রচনায় জ্যোতিরিন্দ্রনাথ সুর দিয়াছিলেন 'গানের বহি ও বাল্মীকিপ্রতিভা'য় সংকলিত গানের সূচিতে সংকেতে তাহা জানানো হইয়াছে। তদনুসারে এবং 'স্বরলিপি-গীতমালা' (১৩০৪) দেখিয়া যত দূর জানিতে পারি, নিম্নলিখিত রচনাবলীর সুরস্রষ্টা জ্যোতিরিন্দ্রনাথ—

	গীতবিতান। পৃষ্ঠা
অনেক দিয়েছ নাথ আমায়[১২]	১৬৭
এত দিন পরে, সখী	৮৮১
এমন আর কত দিন চলে যাবে রে	৯৭৫
ওকি সখা, মুছ আঁখি	৮৮০
কে যেতেছিস আয় রে হেথা[১৩]	৮৯০
খুলে দে তরণী[১৩]	৮৭৫
গেল গো— ফিরিল না, চাহিল না	৯১২

[১২] 'শতগান'-অনুযায়ী সুরকার রবীন্দ্রনাথ। 'স্বরলিপি-গীতমালা'য় নাই।

দাঁড়াও, মাথা খাও ৮৮৯
দে লো সখী, দে পরাইয়ে গলে ৬৫৯।৯১৬
দেশে দেশে ভ্রমি তব দুখগান গাহিয়ে ৮১৬
না সজনী, না, আমি জানি জানি ৯৪৯
নিমেষের তরে শরমে বাধিল ৬৭৩
নীরব রজনী দেখো, মগ্ন জোছনায় ৭৬৮
প্রমোদে ঢালিয়া দিনু মন ৭৭৮
ভুল করেছিনু, ভুল ভেঙেছে ৬৭৪
সকলি ফুরাইল[১৩] ৮৮৬
সখা হে, কী দিয়ে আমি তুষিব তোমায় ৮৮৭
সখী, বল্ দেখি লো (বলো দেখি সখী লো ৪১৭
সমুখেতে বহিছে তটিনী ৬১৮
সহে না যাতনা ৮৮৭
হল না, হল না সই ৪২১
হা সখী, ও আদরে ৮৮১
হায় রে, সেই তো বসন্ত ফিরে এল ৫৩৮
হাসি কেন নাই ও নয়নে ৮৭৬
হৃদয়ের মণি আদরিণী মোর ৮৭৫

'বাল্মীকিপ্রতিভা'র গান ছাড়া 'গানের বহি ও বাল্মীকিপ্রতিভা'য় প্রায় সাড়ে তিন শত গান আছে। ইহার মধ্যে জ্যোতিরিন্দ্রনাথ একুশ-বাইশটিতে সুর দিয়াছেন দেখা গেল। উক্ত গ্রন্থে 'বাল্মীকিপ্রতিভা'র গানের সূচী না থাকাতে, উহার কোন্ গানের সুরকার কে বিস্তারিতভাবে তাহা জানা যায় না; জ্যোতিরিন্দ্রনাথের ও রবীন্দ্রনাথের 'জীবনস্মৃতি' হইতে সাধারণভাবে যাহা জানা যায় তাহা পূর্বেই সংকলিত হইয়াছে। 'গানের বহি'তে হিন্দিগান-বিশেষের রাগ-রাগিণীর অনুসরণে রচিত হইয়াছে এরূপ গানের সংখ্যা

[১৩] 'গানের বহি'তে নাই।

অনেক বেশি ; 'গানের বহি'র সূচিপত্রের সংকেত এবং শ্রীমতী ইন্দিরাদেবীর সাম্প্রতিক সন্ধান[১৪] -অনুযায়ী মোট ৯০।৯২টি হইবে মনে হয়। বলা উচিত, এই গণনায় অল্পসংখ্যক কানাড়ি, গুজরাটি, মাদ্রাজি, মহীশূরি ও পঞ্জাবি গান -ভাঙা রচনাও ধরা হইয়াছে, 'বাল্মীকিপ্রতিভা'র গান ধরা হয় নাই।

আর-একটা কথাও উল্লেখযোগ্য যে, কালমৃগয়া (প্রকাশ : অগ্রহায়ণ ১২৮৯) ও দ্বিতীয়সংস্করণ বাল্মীকিপ্রতিভা (প্রকাশ : ফাল্গুন ১২৯২) এই দুইখানি গীতিনাট্য সারা করিয়া কবি 'মায়ার খেলা'য় (প্রকাশ : অগ্রহায়ণ ১২৯৫) হাত দেন, স্বরলিপি-গীতিমালায় শেষোক্ত গ্রন্থের যতগুলি গান সংকলিত, দেখা যায়, প্রায় সবেরই সুরকার রবীন্দ্রনাথ।

'গানের বহি'র পরবর্তী গ্রন্থসমূহেও 'হিন্দিভাঙা' গানের অসদ্ভাব নাই। সে-সব গান ও সেগুলির আদর্শস্বরূপ গানের বিশদ তালিকা শ্রীমতী ইন্দিরা-দেবীর পূর্বোক্ত পুস্তিকায় দ্রষ্টব্য। পূর্বপ্রচলিত 'গান ভাঙিয়া' নূতন গান রচনা করার মধ্যেও রবীন্দ্রনাথ সর্বদাই অপরূপ বৈচিত্র্য ও বৈশিষ্ট্য দেখাইয়াছেন, এ কথা রবীন্দ্রসংগীতজ্ঞ কাহারও অজানা নয়। অন্য সহস্রাধিক গানে যেমন এ-সকল ক্ষেত্রেও তেমনি, আপনার জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে, স্রষ্টা রচনায় আপনার শীলমোহর অঙ্কিত করিয়া দিয়াছেন।

'কালমৃগয়া' ও 'বাল্মীকিপ্রতিভা'র কতকগুলি গানে ইংরেজি স্কচ আইরিশ প্রভৃতি গানের সুর দেওয়া হইয়াছে। 'রবীন্দ্রসংগীতের ত্রিবেণীসংগম' -অনুযায়ী তাহার তালিকা—

কালমৃগয়া	গীতবিতান। পৃষ্ঠা
ও দেখবি রে ভাই, আয় রে ছুটে : The Vicar of Bray	৬১৭
[১৫] তুই আয় রে কাছে আয় : The British Grenadiers	৬১৭
ফুলে ফুলে ঢলে ঢলে : Ye banks and braes	৬১৯
মানা না মানিলি : Go where glory waits thee	৬২৩
সকলি ফুরালো : Robin Adair	৬৩৪

---

[১৪] রবীন্দ্রসংগীতের ত্রিবেণীসংগম : পৌষ ১৩৬১

[১৫] গানের প্রথম ছত্র : ও ভাই, দেখে যা কত ফুল তুলেছি।

মায়ার খেলা

আহা, আজি এ বসন্তে। Go where glory waits thee		৬৭৯

বাল্মীকিপ্রতিভা

তবে আয় সবে আয়। অজ্ঞাত	৬৩৭
কালী কালী বলো রে আজ। Nancy Lee	৬৩৮
মরি, ও কাহার বাছা। Go where glory waits thee	৬৩৯

অন্য গান

ওহে দয়াময়। Go where glory waits thee	৯৪৫
কতবার ভেবেছিনু : Drink to me only	৮৭৭
পুরানো সেই দিনের কথা : Auld Lang Syne	৮৮৫

লোকপ্রচলিত বা পুরাতন বাংলা গানের সুরেও কবি কতকগুলি গান বাঁধিয়াছেন ; সে সম্পর্কে জানিতে পারি—

	গীতবিতান। পৃষ্ঠা
এবার তোর মরা গাঙে। মন-মাঝি সামাল সামাল[১৬]	২৪৫
যদি তোর ডাক শুনে। হরিনাম দিয়ে জগত মাতালে[১৬]	২৪৪
আমার সোনার বাংলা। আমি কোথায় পাব তারে[১৬ক]	২৪৩
বেঁধেছ প্রেমের পাশে। চাঁচর চিকুর আধো[১৭]	১৫৭

কাজেই যত দূর জানা যায়, বাংলা কতকগুলি পূর্বপ্রচলিত সংগীতের সুর, ভারতের বিভিন্ন প্রদেশের বহু বৈঠকি গানের সুর, অতি অল্পসংখ্যক বিলাতি গানের সুর, এবং কবির তরুণ বয়সে কিছু জ্যোতিরিন্দ্রনাথের দেওয়া সুর, ইহা

[১৬] 'শতগান' গ্রন্থে স্বরলিপি দেওয়া আছে।

[ক] মূল বাউল সংগীতটি কবি শিলাইদহে গগন হরকরার নিকট পাইয়াছিলেন। দ্রষ্টব্য কথা ও স্বরলিপি : প্রবাসী : বৈশাখ ১৩২২, পৃ ১৫২-৫৪ এবং জ্যৈষ্ঠ ১৩২২, পৃ ৩২৪।

[১৭] কাফিকানাড়া-কাওয়ালি। দ্রষ্টব্য : সঙ্গীতপ্রকাশিকা ৪।১৩১১।২১৯

ব্যতীত— রবীন্দ্রসংগীতে কথাও যেমন সুরও তেমনি রবীন্দ্রনাথেরই সৃষ্টি। তবে—

কথা কও, কথা কও, অনাদি অতীত : 'কথা ও কাহিনী'র প্রথম প্রবেশকের অংশবিশেষ : শিশিরকুমার ভাদুড়ী -কর্তৃক প্রযোজিত ও অভিনীত 'সীতা' নাটকের সূচনায়

তবে আমি যাই গো তবে যাই : 'শিশু' কাব্যের 'বিদায়' কবিতা

দিনের শেষে ঘুমের দেশে : 'খেয়া'র প্রথম কবিতা

পথের পথিক করেছ আমায় : উৎসর্গ

হে মোর দুর্ভাগা দেশ : গীতাঞ্জলি

এই গানগুলি সময়বিশেষে প্রচলিত বা আদৃত হইলেও, এগুলির কোনোটিতেই কবি সুর না দেওয়াতে এগুলিকে রবীন্দ্রসংগীত বলিয়া গণনা করা যায় নাই। অপর পক্ষে, অন্যের যেসব রচনায় রবীন্দ্রনাথ সুর দিয়াছেন[১৮] সেগুলিকে

---

[১৮] এই প্রসঙ্গে 'গীতবিতান বার্ষিকী'তে (১৩৫০) মুদ্রিত শ্রীনির্মলচন্দ্র চট্টোপাধ্যায়ের 'রবীন্দ্রগীতজিজ্ঞাসা' প্রবন্ধ বিশেষভাবে দ্রষ্টব্য।

শ্রীসুহাসচন্দ্র মজুমদার বলেন যে, বাল্যকালে দেখিয়াছেন 'ভারতীয় সঙ্গীত সমাজ' যে বার মনোমোহন রায় -প্রণীত 'রিজিয়া' নাটকের অভিনয় করান তাহার রিহার্সালে রবীন্দ্রনাথ নিয়মিত আসিতেন এবং গানও শিখাইতেন : কয়েকটি গানের সুর নাকি কবি স্বয়ং রচনা করেন, 'থিয়েটারি' সুর হইতে সেই-সব সুরের বিশেষ পার্থক্য আছে। সুহাসবাবুর উক্তি, রিহার্সালের সাক্ষী ও শ্রোতা তাঁহার মাতুল শ্রীনিত্যরঞ্জন মল্লিক ও শ্রীসত্যরঞ্জন মল্লিক মহাশয়েরা সমর্থন করেন। 'রিজিয়া' নাটকের ব্রজবুলিতে রচিত একটি গানে (বধুয়া, সুধা ঢালয়ি পরাণে ইত্যাদি) কয়েক স্থলে ভানুসিংহ ঠাকুরের পদাবলীর স্পষ্ট প্রভাব দেখা যায় এবং বাংলা ১৩১০ সনে প্রচারিত গ্রন্থের প্রথম সংস্করণেই এ যেমন বিজ্ঞাপিত হইতে দেখি যে 'বিশেষ আনন্দের সহিত প্রকাশ করিতেছি যে, রিজিয়া "ভারতীয় সঙ্গীত-সমাজ" কর্তৃক অভিনয়ার্থ মনোনীত হইয়াছে', দ্বিতীয় সংস্করণের বিজ্ঞাপনে তেমনি মহা-সমারোহে ঐ প্রতিষ্ঠানে অভিনীত হওয়ার সংবাদও দেওয়া হইয়াছে।

রবীন্দ্রসংগীতই বলিতে হয়—

প্রথম ছত্র	রচয়িতা	স্বরলিপি
এ ভরা বাদর মাহ ভাদর	বিদ্যাপতি	শতগান। স্বরবিতান ১১, ২১
সুন্দরী রাধে আওয়ে বনি	গোবিন্দদাস	শতগান। স্বর ২১
বন্দে মাতরম্ (অংশ)	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	শতগান। স্বর ৭৬
মিলে সবে ভারতসন্তান[১৯]	সত্যেন্দ্রনাথ ঠাকুর	শতগান
বুঝতে নারি নারী কী চায়	অক্ষয়কুমার বড়াল	শতগান
গান জুড়েছেন গ্রীষ্মকালে	সুকুমার রায়	ঋতুপত্র : হেমন্ত।১৩৬২
ওহে সুনির্মল সুন্দর উজ্জ্বল	শ্রীমতী হেমলতা দেবী	জ্যোতিঃ
বালক-প্রাণে আলোক জ্বালি	শ্রীমতী হেমলতা দেবী	জ্যোতিঃ

ইহা ছাড়া রবীন্দ্রনাথ কতকগুলি বেদমন্ত্রে ও বৌদ্ধ মন্ত্রে স্বর দিয়াছেন, তাহারও তালিকা[২০] অতঃপর মুদ্রিত হইল—

বৈদিক মন্ত্র	আকর	স্বর বা তাল	স্বরলিপি
য আত্মদা বলদা	ঋগ্বেদ		শতগান। ব্রহ্মসঙ্গীত স্বরলিপি ৪
তমীশ্বরাণাং পরমং	শ্বেতাশ্বতর		আনন্দসঙ্গীত ৪।১৩২২।২। ব্র স্ব ২
যদেমি প্রস্ফুরন্নিব	ঋগ্বেদ		ভারতী ও বালক ১০।১২৯৯।৫৮৮ আনন্দসঙ্গীত ১।১৩২২।১৩৮। ব্রহ্মসঙ্গীত স্বরলিপি ৩
শৃণ্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রাঃ	ঋগ্বেদ		আনন্দসঙ্গীত ৪।১৩২০।৬ তত্ত্ববোধিনী ৯।১৮৪৫।২৩৩। ব্রহ্মসঙ্গীত স্বরলিপি ৩
সংগচ্ছধ্বং সংবদধ্বম্	ঋগ্বেদ		
উষো বাজেণ বাজিনি	ঋগ্বেদ	ভৈরবী	
অচ্ছা বদ তবসং গীর্ভিরাভিঃ	ঋগ্বেদ	চৌতাল	হিন্দি বিশ্বভারতী পত্রিকা ৭-৯।১৯৪৬।৫২৫
এতস্য বা অক্ষরস্য প্রশাসনে	বৃহদারণ্যক		
ধীরা ত্বস্য মহিনা	ঋগ্বেদ		

---

[১৯] শ্রীমতী ইন্দিরাদেবী বলেন, রবীন্দ্রনাথের সুর নয়।

[২০] দ্রষ্টব্য : 'রবীন্দ্রগীতজিজ্ঞাসা' —গীতবিতান বার্ষিকী (১৩৫০)। ব্র স্ব বা ব্রহ্মসঙ্গীত স্বরলিপি : সাধারণ ব্রাহ্মসমাজ -প্রকাশিত নূতন গ্রন্থমালা।

'উদু ত্যং জাতবেদসম্' (ঋগ্বেদ), 'বায়ুরনিলমমৃতমথেদম্' (ঈশ), 'অদ্যা দেবা উদিতা সূর্যস্য' (ঋগ্বেদ) এবং 'পৃথিবী শান্তিরন্তরিক্ষম্' (অথর্ববেদ) ইত্যাদি শ্লোকসমূহ[২১] রাগ-তালে গাওয়া হয় না, তবে সুর করিয়া আবৃত্তি করানো হইয়া থাকে। বৌদ্ধমন্ত্রে সুর-যোজনার তালিকা—

বৌদ্ধ মন্ত্র	সুর
ওঁ নমো বুদ্ধায় গুরবে[২২]	ভৈরবী
উত্তমঙ্গেন বন্দেহং[২২]	কাফি
নত্থিমে শরণং[২২]	মিশ্ররামকেলি
নমো নমো বুদ্ধদিবাকরায়[২২ক]	বেহাগ
বুদ্ধো সুসুদ্ধো করুণামহাণ্ণবো[ক]	মিশ্ররামকেলি

রবীন্দ্রসংগীত-রসিকদের মনে, কোন্ গান কবির প্রথম রচনা এ বিষয়ে কৌতূহল থাকা স্বাভাবিক। 'শনিবারের চিঠি'র পূর্বসংকলিত সাক্ষ্যে 'গগনের থালে রবি চন্দ্র দীপক জ্বলে' ইত্যাদি চমৎকার ভাষান্তরটির বিষয় স্মরণ করিতে হয়। উহা ১২৮১ সালের মধ্যেই রচিত। 'জ্বল্ জ্বল্ চিতা দ্বিগুণ দ্বিগুণ' তাহার পরবর্তী স্বাধীন রচনা বলিতে হইবে; উহা ১২৮২ সালের মধ্যেই রচিত। 'এক সূত্রে বাঁধিয়াছি সহস্রটি মন' ১২৮৬ সালের মধ্যেই রচিত হইয়াছিল। এগুলির কোনোটিতে কবি স্বয়ং সুর দিয়াছিলেন কিনা বলা যায় না। রবীন্দ্রনাথ সব দিক দিয়া কোন্ গানকে নিজের প্রথম রচনা বলিয়া স্বীকার করেন তাহার সন্ধান পাই অন্যত্র, 'জীবনস্মৃতিতে' লিখিয়াছেন

এই শাহিবাগে প্রাসাদের চূড়ার উপরকার একটি ছোটো ঘরে আমার আশ্রয় ছিল।... শুক্লপক্ষের গভীর রাত্রে সেই নদীর দিকের প্রকাণ্ড ছাতটাতে একলা ঘুরিয়া ঘুরিয়া বেড়ানো আমার আর-একটা উপসর্গ ছিল। এই ছাদের উপর নিশাচর্য করিবার সময়ই আমার নিজের-সুর-দেওয়া সর্বপ্রথম গানগুলি রচনা করিয়াছিলাম। তাহার মধ্যে 'বলি ও আমার গোলাপবালা' গানটি এখনো আমার কাব্যগ্রন্থের মধ্যে আসন রাখিয়াছে।

—জীবনস্মৃতি। আমেদাবাদ

[২১] 'তপতী' নাটকে [২২] 'নটীর পূজা'য় [ক] 'চণ্ডালিকা' নৃত্যনাট্যে প্রযুক্ত।

'জীবনস্মৃতি'র পাণ্ডুলিপিতে আরও জানা যায়—

শুক্লপক্ষের কত নিস্তব্ধ রাত্রে আমি সেই নদীর দিকের প্রকাণ্ড ছাতটাতে একলা ঘুরিয়া বেড়াইয়াছি। এইরূপ একটা রাত্রে আমি যেমন খুশি ভাঙা ছন্দে একটা গান তৈরি করিয়াছিলাম— তাহার প্রথম চারটে লাইন উদ্ধৃত করিতেছি।

নীরব রজনী দেখো মগ্ন জোছনায়,
ধীরে ধীরে অতি ধীরে গাও গো!
ঘুমঘোরভরা গান বিভাবরী গায়,
রজনীর কণ্ঠ সাথে সুকণ্ঠ মিলাও গো।

ইহার বাকি অংশ পরে ভদ্র ছন্দে বাঁধিয়া পরিবর্তিত করিয়া তখনকার ['রবিচ্ছায়া'] গানের বহিতে ছাপাইয়াছিলাম— কিন্তু সেই পরিবর্তনের মধ্যে, সেই সাবরমতী নদীতীরের, সেই ক্ষিপ্ত বালকের নিদ্রাহারা গ্রীষ্মরজনীর কিছুই ছিল না। 'বলি ও আমার গোলাপবালা' গানটা এমনি আর এক রাত্রে লিখিয়া বেহাগ সুরে বসাইয়া গুন্ গুন্ করিয়া গাহিয়া বেড়াইতেছিলাম। 'শুন নলিনী, খোলো গো আঁখি' 'আঁধার শাখা উজল করি' প্রভৃতি আমার ছেলেবেলাকার অনেকগুলি গান এইখানেই লেখা।

—জীবনস্মৃতি (১৩৫৪ জ্যৈষ্ঠ বা পরবর্তী মুদ্রণ)। গ্রন্থপরিচয়

তাহা হইলে দেখা যায়, 'নীরব রজনী দেখো মগ্ন জোছনায়' রবীন্দ্রনাথের প্রথম স্বাধীন রচনা। দুঃখের বিষয়, রচনাটি যথাযথ পাওয়া যায় নাই। এটি রবীন্দ্রনাথের প্রথম গীতগ্রন্থ 'রবিচ্ছায়া'র প্রথম গান বটে, কিন্তু রবীন্দ্রনাথের উক্তি হইতেই জানিতে পারি 'এ গান সে গান নয়' এবং 'স্বরলিপি-গীতিমালা'য় ইহার যে সুর লিপিবদ্ধ হইয়াছে তাহাও জ্যোতিরিন্দ্রনাথের রচনা বলিয়াই প্রকাশ। বর্তমান গ্রন্থে বাধ্য হইয়া 'রবিচ্ছায়া' প্রভৃতি গ্রন্থের পাঠ সংকলন করিতে হইয়াছে। এই প্রসঙ্গে বলা উচিত, কবির উল্লিখিত 'নীরব রজনী দেখো' ও 'আঁধার শাখা উজল করি' গান দুইটি 'ভগ্নহৃদয়' (১২৮৮ সাল) কাব্যে এবং 'বলি, ও আমার গোলাপবালা' ও 'শুন নলিনী, খোলো গো আঁখি' 'শৈশবসঙ্গীত' (১২৯১ সাল) কাব্যে প্রথম সংকলিত হয়। তাহা ছাড়া ১২৮৭ সালের 'ভারতী' পত্রিকায় 'ভগ্নহৃদয়'এর প্রথম ছয় সর্গ প্রকাশিত হয়, সেই

সম্পর্কে মাঘ মাসে 'আঁধার শাখা উজল করি' এবং ফাল্গুনে 'নীরব রজনী দেখো' মুদ্রিত হইয়াছিল; 'ভারতী'তে 'বলি ও আমার গোলাপবালা'র প্রকাশ ১২৮৭ অগ্রহায়ণে। তরুণ রবীন্দ্রনাথ ১২৮৫ সালের ৫ আশ্বিন তারিখে বিলাত-অভিমুখে যাত্রা করেন, উল্লিখিত গানগুলি তৎপূর্বেই রচিত।[২৩]

'জীবনস্মৃতি'র পাণ্ডুলিপি হইতে উদ্‌ধৃত রচনায় রবীন্দ্রনাথ 'যেমন খুশি ভাঙা ছন্দে'র কথা বলিয়াছেন, এবং পরে 'ভদ্র ছন্দে' 'শুদ্ধি' করিয়া লইয়া তাহা যে নষ্ট করিতে প্রবৃত্তি হইয়াছিল এজন্য খেদপ্রকাশও করিয়াছেন। কবিতায় বা গানে নব নব পথের সন্ধান, নব নব মুক্তির আস্বাদন, নূতন নূতন আঙ্গিকের পরীক্ষায় নিত্য নূতন সিদ্ধি-লাভ— এ প্রবণতা স্রষ্টা রবীন্দ্রনাথের জীবনে শুরু হইতে শেষ পর্যন্তই দেখা যায়। ২৩ শ্রাবণ ১৩৩৬ তারিখে রবীন্দ্রনাথ একটি চিঠিতে লেখেন, 'কখনো কখনো গদ্য রচনায় সুর সংযোগ করবার ইচ্ছা হয়। লিপিকা কি গানে গাওয়া যায় না ভাবছ?'[২৪] 'লিপিকা'য় কোনোদিন সুর দেওয়া হইয়াছিল কিনা জানা নাই, 'শাপমোচন'এর বিভিন্ন অভিনয়ে কতকগুলি গদ্য অংশে সুর দেওয়া হইয়াছিল, তাহা পূর্বেই উল্লিখিত ও উদ্‌ধৃত হইয়াছে। পরবর্তীকালে অমিত্রাক্ষর ছন্দে অথবা 'পুনশ্চ'-অনুগামী গদ্য ছন্দে রচনার দৃষ্টান্ত দুর্লভ নয় যে, তাহা 'নৃত্যনাট্য চণ্ডালিকা'র আলোচনায় বুঝা যায়, এবং কবি নিজেও তাহা বলিয়া দিয়াছেন— 'সমগ্র চণ্ডালিকা নাটিকার গদ্য এবং পদ্য অংশে সুর দেওয়া হয়েছে'। অমিত্রাক্ষর রচনার প্রাচীন ও সুন্দর দৃষ্টান্ত হইল ১৩১০ সালের কাব্যগ্রন্থে মুদ্রিত: এ ভারতে রাখো নিত্য, প্রভু, তব শুভ আশীর্বাদ। এই ভাবগম্ভীর রচনায় যে আনুপূর্বিক চরণে চরণে মিল নাই, সাধারণতঃ সে কাহারও শ্রুতিগোচর হয় না। ইহার চেয়ে পুরাতন অল্পাধিক অমিত্রাক্ষর রচনা অনেক পাওয়া যাইবে না তাহাও নয়;

[২৩] এই প্রসঙ্গে শ্রীনির্মলচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা 'রবীন্দ্রগীতজিজ্ঞাসা' (গীতবিতান বার্ষিকী ১৩৫০) হইতে, ও তৎসম্পাদিত 'জীবনস্মৃতি'র (১৩৫৪ জ্যৈষ্ঠ) গ্রন্থপরিচয় হইতে যথেষ্ট দিশা পাওয়া গিয়াছে।

[২৪] ৩৯-সংখ্যক পত্র: পথে ও পথের প্রান্তে

যেমন—

	গীতবিতান। পৃষ্ঠা
বাজাও তুমি কবি	১১৮
দুখ দূর করিলে দরশন দিয়ে	৮৩৫
তোমায় যতনে রাখিব হে	৮৩৬
আইল আজি প্রাণসখা	৮৩৭
অসীম আকাশে অগণ্য কিরণ	১৬৪

অধিক দৃষ্টান্ত বাড়াইয়া লাভ নাই। উক্ত রচনাগুলি 'রবিচ্ছায়া' বা 'গানের বহি'তে প্রথম সংকলিত, অর্থাৎ কবির প্রথম জীবনের রচনা। কেবলমাত্র এই দিক দিয়াও ১৩০৩ সালের কাব্যগ্রন্থাবলীতে প্রকাশিত 'বিশ্ববীণারবে বিশ্বজন মোহিছে'[২৫] বিস্ময়কর। সুরাশ্রয়ী কবিতার বন্ধন-মুক্তিতে কবির পরীক্ষা ফুরায় নাই, তাহার বিশেষ পরিচয় পাই বহু দিন পরে, ১৩৩৭ ফাল্গুনের গীতিগুচ্ছে (অনুষ্ঠানপত্র : নবীন)—

	গীতবিতান। পৃষ্ঠা
বাসন্তী, হে ভুবনমোহিনী (গদ্য ?)	৫১১
বেদনা কী ভাষায় রে	৫২৫
বাজে করুণ সুরে	৩৪৯

এই গানগুলিতে অন্তর্লীন অনুপ্রাসের মাধুরীতে চমৎকৃত হইয়া, কখনো-বা অনিয়মিত অন্ত্যানুপ্রাসের কৌশলে ভুলিয়া, গীতবধির কোনো কাব্য-রসিকও হয়তো নিয়মিত অন্ত্যানুপ্রাসের অভাব বোধ করিবেন না। গীতজ্ঞ ব্যক্তিগণ একটি বিষয় অবশ্যই লক্ষ্য করিবেন যে, উল্লিখিত গানগুলি সবই পূর্বপ্রচলিত হিন্দি গানের, বা বঙ্গবহির্বর্তী কোনো প্রদেশের কোনো গানের, সুরে রচিত। পরবর্তী তালিকার গানগুলি সম্পর্কে বোধ হয় সে কথা বলা যায় না।

[২৫] রচনা ১৩০২ ফাল্গুনের পূর্বে। শক ১৮১৭ ফাল্গুন 'তত্ত্ববোধিনী পত্রিকা'য় পাঠান্তর : বিশ্বরাজালয়ে বিশ্ববীণা বাজিছে।

দ্রষ্টব্য : অখণ্ড গীতবিতান, পৃ ৬১৫

	গীতবিতান। পৃষ্ঠা
দিনান্ত-বেলায় শেষের ফসল দিলেম	৩৬৫
ধূসর জীবনের গোধূলিতে	৩৬৫
আজি কোন্ সুরে বাঁধিব	৯০৭

এইগুলি, বিশেষতঃ শেষ গানটি (চৈত্র ১৩৪৬), গদ্যে রচিত বলিয়াই আমাদের মনে হয়। ছন্দোবদ্ধ কবিতা হউক, তবু রবীন্দ্রনাথের জীবনের সর্বশেষ গান 'হে নূতন' (পৃ ৮৬৬) কথা ও কাব্যছন্দ -গত আঙ্গিকের দিক দিয়া অল্প বিস্ময়-জনক নয়।

রবীন্দ্রনাথ গীতিনাট্যে যেমন সুরের তেমনি ভাষা ও ছন্দের কত নূতন পরীক্ষা করিয়া কোথায় উত্তীর্ণ হইয়াছেন, সে বিষয়ে যথাকালে অনুসন্ধান ও আলোচনা হইবে আশা করা যায়। কেবল বলা বাহুল্য না হইতে পারে, যাহাকে free verse বা মুক্তছন্দ বলা যায়, যে ক্ষেত্রে নানা ছন্দের বা ছন্দশৈথিল্যেরও সুষ্ঠু মিশ্রণ হইয়া থাকে, তাহারও সার্থক উদাহরণ 'নৃত্যনাট্য চিত্রাঙ্গদা' বা 'শ্যামা' খুঁজিলে পাওয়া যাইবে। পূর্বোক্ত অনেকগুলি অমিত্রাক্ষর রচনাও যে মুক্তছন্দের প্রকৃষ্ট নিদর্শন নয় তাহা বলা যায় না। বিশেষতঃ শেষোক্ত রচনার পরবর্তী 'প্রেম এসেছিল নিঃশব্দচরণে' ও 'নির্জন রাতে নিঃশব্দচরণপাতে' (পৃ ৯০৭-৯০৮) রচনা দুটি। (এপর্যন্ত কবিতার ছন্দ লইয়াই আলোচনা করা গেল। গানের ছন্দ সম্পর্কে বর্তমান গ্রন্থ-সম্পাদকের বিশেষ কোনো জ্ঞান নাই।) এরূপ হওয়ার কার্যকারণ ঠিক-ঠিক বুঝিতে হইলে— সুর, তাল, লয়, কথা, বিশেষ উপলক্ষ্য, এ-সবের অন্যোন্যনির্ভর বৈশিষ্ট্যের সর্বাঙ্গীণ আলোচনা করিতে হইবে এ কথা বলাই বাহুল্য।

রবীন্দ্রনাথের গানের বৈশিষ্ট্য বৈচিত্র্য ও সংখ্যা বিস্ময়কর। আলোচনার ও অনুসন্ধানের ক্ষেত্র সুদূরপ্রসারিত।